শ্রীভগবান্ চিচ্ছক্ত্যাপরিচ্ছিন্নানন্তকোটিবৈকুণ্ঠস্য তত্রস্থপরিকরাণাঞ্চ প্রাকট্যং করোতি, পরমাত্মরূপেণ মায়াশক্ত্যা দেশকালবস্তুলক্ষণপরিচ্ছিন্নানন্তকোটি ব্রহ্মাণ্ডানাং তদগত বস্তূনাঞ্চ সৃষ্ট্যাদীন্ বিদধাতি। সা মায়াশক্তিঃ প্রলয়কালে সর্ববিস্মরণকারিণী মূলপ্রকৃতিরূপা তিষ্ঠতি, সৃষ্টিকালে মূলপ্রকৃতিতঃ সর্বস্মরণরূপমহত্তত্ত্বং চিত্তং বোৎপদ্যতে। তস্মাদভিমানাত্মকাহংকারস্যোৎপত্তিঃ, তৎত্রিবিধো-ভবতি, সাত্ত্বিকাহংকারাদধিষ্ঠাতৃদেবানাং মনসশ্চোৎপত্তিঃ, দেবানাং পরিচয়ঃ প্রাগুক্তঃ। রাজসাহংকারাদ্ বুদ্ধিঃ প্রাণাঃ; তত্তদানুগত্যেন শ্রোত্রাদি-পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ানি, বাগাদি পঞ্চ কর্মেন্দ্রিয়াণি-চোৎপদ্যন্তে। মূলপ্রকৃতি-চিত্তাহংকারবুদ্ধি র্মনাংসি এতৎ পঞ্চকমন্তঃকরণম্। দশ ইন্দ্রিয়ানি বহিঃকরণম্। তামসাহংকারাচ্ছব্দস্য, শব্দাৎ স্পর্শাকাশয়োঃ স্পর্শাদ্ রূপবায়্বোঃ, রূপাদগ্নি-রসয়োঃ, রসাজ্জল-গন্ধয়োঃ, গন্ধাৎ পৃথিব্যাশ্চোৎপত্তিঃ। প্রলয়ে ব্যুৎক্রমেণ বিলয়ঃ। শব্দ স্পর্শরূপরসগন্ধাঃ পঞ্চ তন্মাত্রাণি, আকাশাদি পঞ্চমহাভূতাঃ, মায়াশক্তিরেতৎ পঞ্চবিংশতি তত্ত্বাকারেণ ভেদপ্রাপ্তাঃ, তত্ত্বলক্ষণং প্রাগুক্তম্। এতৎ পঞ্চবিংশতি তত্ত্বেনানন্তকোটিব্রহ্মাণ্ড-তন্মধ্য গতচতুর্দশ ভুবনানি, অনন্ত-

---

অস্তিজ্ঞানাত্মক অপরিচ্ছিন্ন নৈরপেক্ষ সুখাত্মক নির্বিশেষ ব্রহ্মাখ্য-স্বরূপ তদীয় মহিমমাত্রাত্মকহেতু অপূর্ণ স্বরূপমাত্র হইয়া থাকেন। মায়াশক্ত্যাদির সাক্ষি-প্রেরক, তন্মূল ভূত তদাত্মকাদির প্রশান্ত সমাবিষ্কৃত আনন্দস্বরূপ পরমাত্মা শ্রীভগবানের অংশভূত হন। অর্থাৎ শ্রীভগবানের চিন্মমাত্র সত্তরূপ মহিমাকেই নির্বিশেষ **'ব্রহ্ম'** বলা হয় এবং শ্রীভগবানই একাংশদ্বারা মায়াশক্ত্যাদির সাক্ষি-প্রেরকত্বাদিহেতু **পরমাত্মা** রূপে কথিত হন। শ্রীভগবানের স্বতঃ নিরপেক্ষতাই **'ব্রহ্মত্ব'** হয়, ভক্তবাৎসল্যগুণে চিৎশক্ত্যাবিষ্কারিত্বই **'ভগবত্তা'** হয়। বিষয় বিমুগ্ধ জীবগণের প্রতি দীনদয়ালুত্বগুণে মায়াশক্ত্যাদি-প্রেরকত্বই **'পরমাত্মত্ব'** হইয়া থাকে।

শ্রীভগবান চিৎশক্তিদ্বারা অপরিচ্ছিন্ন অনন্তকোটি বৈকুণ্ঠের এবং তত্রস্থ পরিকর সমূহের প্রাকট্য করিতেছেন। পরমাত্মরূপে মায়াশক্তিদ্বারা দেশকাল বস্তু লক্ষণ পরিচ্ছিন্ন অনন্তকোটী ব্রহ্মাণ্ডের এবং তদ্‌গত বস্তু-সকলের সৃষ্টি-পালন-সংহার করিতেছেন। সেই মায়াশক্তি প্রলয়কালে সর্ববিস্মরণ কারিণী মূলপ্রকৃতিরূপে অবস্থান করেন। সৃষ্টিকালে মূলপ্রকৃতি হইতে সর্বস্মরণরূপ মহত্তত্ত্বের বা চিত্তের উৎপত্তি হয়। তাহা হইতে অহংকরণ রূপ অহংকারের উৎপত্তি হয়। সেই অহঙ্কার ত্রিবিধ হয়। সাত্ত্বিক অহংকার হইতে অধিষ্ঠাতৃদেবতাগণের এবং মনের উৎপত্তি হয়। দেবগণের নাম পূর্বে লিখিত হইয়াছে। রাজস অহংকার হইতে বুদ্ধির, প্রাণের, তত্তদানুগত্যে শ্রোত্র, ত্বক, চক্ষুঃ, জিহ্বা, ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের এবং বাক্, পাণি, পায়ু, উপস্থ এই পঞ্চ কর্মন্দ্রিয়ের উৎপত্তি হয়। মূল প্রকৃতি, চিত্ত, অহংকার, মন, বুদ্ধি এই পঞ্চকে অন্তঃকরণ বলা হয়। জ্ঞানেন্দ্রিয় এবং কর্মেন্দ্রিয় সকলকে বহিঃকরণ বলা হইয়া থাকে। তামস অহংকার হইতে শব্দের, শব্দ হইতে স্পর্শের এবং আকাশের, স্পর্শ

স্থাবরজঙ্গমাত্মকজীবশরীরাণি চ রচিতানি। জীবশরীরাণ্যেকরূপপ্রতীতান্যপি পঞ্চকোষেণ শরীরত্রয়েণ চ বিভক্তানি। ক্ষিত্যপ্তেজসাংত্রয়েনান্নময়কোষঃ, বায্বাকাশাভ্যাং পঞ্চকর্মেন্দ্রিয়ৈশ্চ প্রাণময়কোষঃ। এতৎকোষদ্বয়েন স্থূলদেহোৎপত্তিঃ, মনোবুদ্ধিপঞ্চজ্ঞানেন্দ্রিয়ৈশ্চ মনোময়কোষঃ, চিত্তাহংকারাভ্যাং বিজ্ঞানময়কোষঃ, এতৎকোষদ্বয়েণ লিঙ্গশরীরোৎপত্তিঃ, মূলপ্রকৃতিরেবানন্দময়কোষঃ কারণশরীরঞ্চ ভবতি।

দৃশ্যসৌরবিশ্বে জীবস্য সুখদুঃখভোগঃ স্থূলদেহেনৈব ভবতি। অদৃশ্যব্রহ্মাণ্ডেষু সুখদুঃখভোগঃ, স্বপ্নে বিষয়দর্শনঞ্চ লিঙ্গদেহেন, কারণদেহেন সুষুপ্তিপ্রলয়স্থাবরত্বপ্রভৃতেরনুভবো ভবতি। সকলশরীরেষু কোষপঞ্চকস্য শরীরত্রয়স্য চাস্তিত্বসম্ভবেঽপি স্থাবরদেহে আধারস্যাযোগ্যতাবশাৎ তত্তদনুভবো নাস্তি। মনুষ্যশরীরং বিনাঽন্যজঙ্গমদেহেঽপি আধারস্য অপূর্ণতয়া লিঙ্গদেহস্য পুষ্টি র্ন ভবতি। অদৃশ্য ব্রহ্মাণ্ডেষু স্থূলদেহস্য অপ্রবেশেঽপি মনোময় কল্পিত স্থূলদেহেনৈব সুখদুঃখ ভোগব্যবহারো ভবতি। জীবস্য স্থূলদেহানি জরায়ুজাণ্ডজ-স্বেদজোদ্ভিজ্জভেদেন চতুর্বিধানি। প্রতিশরীরং পৃথক্ পৃথক্জীবাত্মা তত্তদভিমানী ভূত্বা তিষ্ঠতি। পরমাত্মা নিরভিমানী সন্ সাক্ষী-প্রেরকরূপেণ তত্তৎশরীরস্যান্তর্বহির্বসতি। প্রত্যেক ব্রহ্মাণ্ড মধ্যে ভূর্ভুবাদ্যূর্ধ্ব সপ্তলোকা, ভূবিবররূপাঃ অতলাদি নিম্নসপ্তলোকাশ্চ এতচ্চতুর্দশভুবনানি রচিতানি। পাতালতলে জলোপরি তমসি দণ্ডভোগস্থানং নরকং তিষ্ঠতি। জীবাঃ স্বকীয় শুভাশুভকর্মবশাদুচ্চাবচ স্থানেষু পরিভ্রমন্তি। এতানি স্থানানি জীবস্য চর্মনেত্রগোচরাণি ন ভবন্তি। মায়িক সৌর বিশ্বমেব

হইতে রূপের এবং বায়ুর, রূপ হইতে রসের এবং অগ্নির, রস হইতে গন্ধের এবং জলের, গন্ধ হইতে পৃথিবীর উৎপত্তি হয়। প্রলয়কালে ইহার বিপরীতভাবে বিলয় হইয়া থাকে। শব্দ, স্পর্শ, রূপ, রস,গন্ধ এই পঞ্চকে তন্মাত্রা বলা হয়। আকাশ, বায়ু, অগ্নি, জল ,পৃথিবী এই পঞ্চকে মহাভূত বলা হইয়া থাকে। মায়াশক্তি এই পঞ্চবিংশতি তত্ত্বাকারে ভেদ প্রাপ্তা হন। তত্ত্বসকলের লক্ষণ পূর্বে লিখিত হইয়াছে, আর এস্থলে লিখিবার প্রয়োজন নাই। এই পঞ্চবিংশতি তত্ত্বদ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ড, তন্মধ্যগত চতুর্দশভুবন এবং অনন্ত স্থাবর জঙ্গমাত্মক জীব-শরীর সকল রচিত হইয়াছেন।

জীবশরীর সকল একরূপে প্রতীক হইলেও পঞ্চকোষ এবং শরীরত্রয় দ্বারা বিভক্ত হন। পৃথিবী জল অগ্নি এই ভূতত্রয় দ্বারা **অন্নময়কোষ** হয়, বায়ু আকাশ এবং পঞ্চ কর্মেন্দ্রিয় দ্বারা **প্রাণময়কোষ** হয়। এই কোষদ্বয় দ্বারা **স্থূলদেহ** হইয়া থাকে।

মন বুদ্ধি এবং পঞ্চজ্ঞানেন্দ্রিয় দ্বারা **মনোময়কোষ** হয়, অহংকার এবং চিত্তদ্বারা **বিজ্ঞানময়কোষ** হয়, এই কোষদ্বয় দ্বারা **লিঙ্গশরীর** হইয়া থাকে। মূলপ্রকৃতিই আনন্দময়কোষ এবং **কারণশরীর** নামে খ্যাত হন।

দৃশ্য সৌর বিশ্বে জীবের সুখদুঃখ ভোগ স্থূলদেহ দ্বারাই হয়। অদৃশ্য ব্রহ্মাণ্ড সকলে সুখদুঃখ ভোগ এবং স্বপ্নে বিষয়দর্শন লিঙ্গদেহ দ্বারা হয়, কারণদেহ দ্বারা সুষুপ্তি, প্রলয় এবং **স্থাবরত্ব** প্রভৃতির অনুভব হয়। সকল শরীরে এই পঞ্চকোষ এবং শরীরত্রয়ের অস্তিত্বের সম্ভবনা হইলেও স্থাবরদেহে আধারের অযোগ্যতাহেতু তত্তদনুভব হয় না। কেবলমাত্র মনুষ্যশরীর ব্যতিরেকে অন্য জঙ্গম দেহেও আধারের অপূর্ণতা হেতু লিঙ্গদেহের পুষ্টি হয় না। অদৃশ্য ব্রহ্মাণ্ডসকল মধ্যে স্থূলদেহের

জীবস্য চর্মনেত্র গোচরং ভবতি। ইদং সৌরবিশ্বমদৃশ্য-ব্রহ্মাণ্ড-বিশেষস্য বহিরঙ্গরূপম্। জীবস্য প্রাকৃতচিত্তং যদাঽশুদ্ধং দুর্বলঞ্চ ভবতি তদৈব সৌরবিশ্বে পততি। চিত্তে সবলে সতি অদৃশ্য ব্রহ্মাণ্ডগত ভূর্ভুবঃ স্বর্লোকত্রয়ে সপ্তভূবিবরে চ গচ্ছতি। চিত্তে বিশুদ্ধে সতি মহর্লোকাদি-লোকচতুষ্টয়ে গচ্ছতি। চিশুদ্ধচিত্তে নিবৃত্তে সতি ব্রহ্মসাযুজ্যং লভতে। অপ্রাকৃতচিত্তেন শ্রীভগবদ্ধাম প্রাপ্নোতি। শ্রীভগবচ্চিত্তং সর্বদাঽপ্রাকৃতম্। এতে বিষয়াঃ প্রাগুল্লিখিতাঃ।

তদেবং ক্ষিত্যপ্‌তেজোমরুদ্‌ব্যোমঃ, গন্ধরসরূপস্পর্শশব্দাঃ, বাক্ পাণিপাদ পায়ূপস্থাং ঘ্রাণজিহ্বাচক্ষুস্ত্বক্‌শ্রোত্রাণি, মনোবুদ্ধ্যহংকার চিত্তমূলপ্রকৃতয়শ্চৈতস্য পঞ্চবিংশতি প্রকৃতিভেদস্য জীবা-ত্ম পরমাত্মরূপ পরুষভেদস্য চ স্ব স্বলক্ষণেনান্যোন্যং পার্থক্যজ্ঞানমেব **'সাংখ্যম্'।**

অনেন সাংখ্যযোগেন জীবঃ পঞ্চবিংশতি ভেদপ্রাপ্তাৎ প্রকৃতিনির্মিত পঞ্চকোষদেহত্রায়াদ্ আত্মানং ভিন্নং তত্তৎ সাক্ষিরূপঞ্চ পশ্যন্ বিষয়েন বিমুগ্ধো ন ভবতি। দেহেন্দ্রিয়ান্তঃকরণেষু 'অহং' বুদ্ধ্যভাবাৎ 'ইন্দ্রিয়াণি বিষয়ং গৃহ্ণন্তি'—ইত্যেব পশ্যতি। দেহান্তরেভ্যস্তত্তজীবাত্মানমপি এবং ভিন্নং সাক্ষিরূপঞ্চ পশ্যতি। বিশ্বশরীরিণং পরমাত্মানং বিশ্বপ্রপঞ্চাদ্ ভিন্নং তৎসাক্ষিরূপং পশ্যতি। অনেন সাংখ্যযোগেন জীব আধ্যাত্মিকাদি তাপত্রয়াদ্ বিমুক্তঃ সন্ জ্ঞানবিজ্ঞান-বৈরাগ্যাদি সাহায্যেন,

---

প্রবেশ না হইলেও মনোময় কল্পিত স্থূলদেহ দ্বারাই সুখদুঃখ ভোগ ব্যবহার হইয়া থাকে। জীবের স্থূলদেহ সকল জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ এবং উদ্ভিজ্জ ভেদে চতুর্বিধ হন। প্রতি শরীরে পৃথক্ পৃথক্ জীবাত্মা তত্তদভিমানী হইয়া অবস্থিতি করেন। পরমাত্মা নিরভিমানী হইয়া সাক্ষী এবং প্রেরকরূপে তত্তৎশরীরের অভ্যন্তরে ও বাহিরে বাস করিয়া থাকেন। প্রত্যেক ব্রহ্মাণ্ড মধ্যে ভূর্ভুবঃ স্বঃ মহর্জন তপঃ সত্য এবং ভূবিবররূপে অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল, পাতাল এই চতুর্দশ ভুবন রচিত হন। পাতাল তলে জলের উপরি অন্ধকার মধ্যে নরক নামে দণ্ডভোগ স্থান থাকে। জীব সকল স্বকীয় শুভাশুভ কর্মবশে উক্ত স্থান সকলে পরিভ্রমণ করিয়া থাকেন। এই সকল স্থান জীবের চর্মনেত্র গোচর হয় না। মায়িক সৌরবিশ্বই জীবের চর্মনেত্র গোচর হইয়া থাকে। এই সৌরবিশ্ব অদৃশ্য ব্রহ্মাণ্ড বিশেষের বহিরঙ্গরূপ হইয়া থাকে। জীবের প্রাকৃত চিত্ত অশুদ্ধ এবং দুর্বল হইলে এই সৌরবিশ্বে পতন হয়। সেই চিত্ত সবল হইলে অদৃশ্য ব্রহ্মাণ্ডগত ভূর্ভুবঃস্বঃ এবং সপ্ত ভূবিবরে গমন হয়। সেই চিত্ত বিশুদ্ধ হইলে মহর্লোকাদি লোকচতুষ্টয়ে গমন হয়। সেই বিশুদ্ধ চিত্ত নিবৃত্ত হইলে ব্রহ্মসাযুজ্য লাভ হয়। অপ্রাকৃত চিত্ত দ্বারা শ্রীভগবদ্ধাম প্রাপ্ত হয়। শ্রীভগবানের চিত্ত সর্বদা অপ্রাকৃত হয়, এসকল বিষয় পূর্বেই লিলিত হইয়াছে।

উক্ত পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ; গন্ধ রস, রূপ, স্পর্শ শব্দ; উপস্থ, পায়ু, পাদ, পানি বাক্; ঘ্রাণ, জিহ্বা, চক্ষুঃ ত্বক্ শ্রোত্র; মন বুদ্ধি অহংকার চিত্ত, মূলপ্রকৃতি—এই পঞ্চবিংশতি প্রকৃতি ভেদের এবং জীবাত্ম-পরমাত্মরূপ পুরুষভেদের স্বস্বলক্ষণ দ্বারা পরস্পর পার্থক্য-জ্ঞানকেই **'সাংখ্য'** বলা হয়।

এই সাংখ্যযোগ দ্বারা জীব পঞ্চবিংশতি ভেদপ্রাপ্ত প্রকৃতি নির্মিত পঞ্চকোষ, দেহত্রয় হইতে আপনাকে ভিন্নরূপে এবং তত্তৎসাক্ষিরূপে দেখিলেই আর পঞ্চবিধ বিষয় দ্বারা বিমুগ্ধ হয় না। দেহ, ইন্দ্রিয় এবং অন্তঃকরণ প্রভৃতিতে

ব্রহ্মসাযুজ্যাদি মুক্তিমপি প্রাপ্নোতি।

পরমাত্মারূপী শ্রীভগবান্ মায়াশক্ত্যাদিভির্যথা বিশ্বস্য সৃষ্টিপালন-সংহারান্ বিদধাতি, তচ্চরিত্রানু-শীলয়ন্ তত্তচ্ছক্তেস্তত্তচ্চরিতস্য চাশ্রয়-পরমাত্মরূপ শ্রীভগবৎস্বরূপস্যানুশীলনং **'জ্ঞানম্'**। এবং স্বশক্তি-প্রভাবরূপে পরমাত্মমাহাত্ম্যজ্ঞানে যুঞ্জন্ জ্ঞান-যোগং বদন্তি। অনেন জ্ঞানযোগেন বিজ্ঞান-বৈরাগ্যাদি সাহায্যেন ব্রহ্মসাযুজ্যাদি মুক্তির্ভবতি।

পরমাত্মরূপিণঃ শ্রীভগবতো মায়াশক্তি প্রভৃতয়ঃ শক্তিত্বাৎ গুণবৎ শক্তিমতঃ পরমাত্মন আশ্রিতাঃ। মায়াশক্ত্যাদেঃ কার্য্যাণি তত্তচ্ছক্তে-রাশ্রিতানি। এবঞ্চ তৎকার্যাণাং মায়াশক্ত্যাদিরাশ্রয়ঃ। তন্মায়া-শক্ত্যাদীনাং তদতীত পরমাত্মস্বরূপ আশ্রয়ঃ। আশ্রিতাদাশ্রয়ো ভিন্নঃ, যস্মাদাশ্রিতাভিব্যক্তিং বিনাপি আশ্রয়ো বিদ্যতে। পরন্তু আশ্রয়াদাশ্রিতোঽভিন্নঃ, আশ্রিতপদার্থাঃ আশ্রয়ান্তর্ভূতাঃ, যতঃ আশ্রয়স্য সদ্ভাবাদাশ্রিতস্য সদ্ভাবঃ, আশ্রিতস্যা-স্বাতন্ত্র্যাচ্চ। তদেবং পারমার্থিক জ্ঞানেন কার্যেভ্যঃ শক্তীনাং ভিন্নত্বদর্শনং, শক্তিভ্যঃ পরমাত্মস্বরূপস্য ভিন্নত্বদর্শনঞ্চ এবং পরমাত্মস্বরূপাৎ জীবমায়াদি শক্তীনাং শক্তিকার্যানাঞ্চ ভিন্নত্বদর্শনরূপং সর্বত্র ব্রহ্মদর্শনমেব **বিজ্ঞানম্**। বিজ্ঞানে চিত্তং যুঞ্জন্ বিজ্ঞানযোগো ভবতি। বৈরাগ্য-ভগবদ্ভক্তি সাহায্যাদনেন বিজ্ঞানেনৈব ব্রহ্মসাযুজ্যাদিমুক্তি র্ভবতি। ইত্থং সাংখ্য-জ্ঞান-বিজ্ঞানরূপ স্ত্রিবিধা-নুভবো বিবেকঃ।

চিচ্ছক্ত্যাবিষ্কৃত সচ্চিদানন্দ ঘন বৈচিত্র্যপদার্থা বিবেকাতীতত্বাদত্র নোট্টঙ্কিতাঃ। বিবেকাধিকার শ্চিচ্ছক্তি লীলাশক্তি ব্যতিরেকেন মায়াশক্তি ব্যাপারে ভবতি। শ্রীভগবান্ স্বরূপভূত চিচ্ছক্তি

আর অহংবুদ্ধিও করে না। ইন্দ্রিয় সকল বিষয়-গ্রহণ করিতেছেন—ইহাই মাত্র দেখিতে পায়। অন্যান্য দেহসমূহ হইতে তত্তজ্জীবাত্মাকেও এই প্রকার ভিন্ন এবং সাক্ষিরূপে দেখিতে পায়। বিশ্বশরীরী পরমাত্মাকেও বিশ্ব হইতে ভিন্ন এবং তৎসাক্ষিরূপে দেখিয়া থাকে। এই সাংখ্যযোগ দ্বারা জীব আধ্যাত্মিক, আধিভৌতিক, আধি-দৈবিক রূপ তাপত্রয় হইতে বিমুক্ত হয় এবং জ্ঞান বিজ্ঞান বৈরাগ্যাদির সাহায্যে ব্রহ্মসাযুজ্যাদি মুক্তি লাভও করিয়া থাকে।

পরমাত্মারূপী শ্রীভগবান্ মায়াশক্তি প্রভৃতি দ্বারা যে প্রকার বিশ্বের সৃষ্টি করিতেছেন, পালন করিতেছেন এবং সংহার করিতেছেন সেই সকল চরিতের অনুশীলন পূর্বক তত্তৎশক্তির এবং তত্তৎ-চরিতের আশ্রয়রূপে পরমাত্মা রূপ শ্রীভগবৎ-স্বরূপের অনুশীলনকে **'জ্ঞান'** বলা হয়, এই স্বশক্তি প্রভাব রূপ পরমাত্মমাহাত্ম্যজ্ঞানে যোগ হইলে ইহাকেই জ্ঞানযোগ বলা হয়। এই জ্ঞানযোগ দ্বারা বিজ্ঞান-বৈরাগ্যাদির সাহায্যে ব্রহ্মসাযুজ্যাদি মুক্তি হয়।

পরমাত্মারূপী শ্রীভগবানের মায়াশক্তি প্রভৃতি শক্তিহেতু গুণবৎ শক্তিমান্ পরমাত্মার আশ্রিত হইতেছেন। মায়াশক্তি প্রভৃতির কার্যসকল তত্তৎশক্তির আশ্রিত হইতেছেন। অতএব সেই কার্যসকলের মায়াশক্তি প্রভৃতি আশ্রয় হইতেছেন। সেই মায়াশক্তি প্রভৃতির তদতীত পরমাত্মস্বরূপ আশ্রয় হইতেছেন। আশ্রিত হইতে আশ্রয় ভিন্ন, যেহেতু আশ্রিতের অভিব্যক্তি না হইলেও আশ্রয় বিদ্যমান থাকেন, কিন্তু আশ্রয় হইতে আশ্রিত ভিন্ন নয়। আশ্রিত বস্তুসকল আশ্রয় বস্তুর অন্তর্ভূত, যেহেতু আশ্রয় বস্তুর সদ্ভাবেই আশ্রিত বস্তুর সদ্ভাব এবং আশ্রিতের স্বাতন্ত্র্য নাই। এইরূপ পারমার্থিক জ্ঞানদ্বারা কার্যসকল হইতে শক্তিসমূহের ভিন্নত্ব দর্শন এবং

লীলাশক্তিভ্যামনন্তকোটিব্রহ্মাণ্ডমধ্যে বিবিধরূপং প্রকটয়ন্ ভক্তমনোরথপূরণায় লীলাং বিস্তারয়তি। তস্মিন্ শ্রীভগবৎ প্রকটিতরূপবিশেষে প্রীতিবিহীন-চিত্তস্য নিরোধো ধ্যানযোগঃ, কল্পিতচিচ্ছক্ত্যনাবিষ্কৃত-মায়া-শক্ত্যাদ্যতীত-শ্রীভগবৎ স্বরূপমাত্রে চিত্তবৃত্তি-নিরোধমপি ধ্যানযোগ ইত্যুচ্যতে।

প্রথম মহাপুরুষস্য বিগ্রহ বুদ্ধ্যাঽনন্তকোটি-ব্রহ্মাণ্ডাকাররূপে, দ্বিতীয় মহাপুরুষস্য বিগ্রহবুদ্ধ্যা ব্রহ্মাণ্ডবিশেষাকাররূপে, তৃতীয় মহাপুরুষস্য বিগ্রহ-বুদ্ধ্যা স্ব শরীরমাত্ররূপে চিত্তবৃত্তিনিরোধমপি ধ্যাম-যোগ ইত্যুচ্যতে। ব্রহ্মাণ্ডবিশেষ মধ্যগত-চতুর্দশ-ভুবনস্য ধ্যানং দ্বিতীয়মহাপুরুষ ধ্যানযোগমধ্যগতং ভবতি। শরীরমধ্যগত-সপ্তপদ্মস্য ধ্যানং তৃতীয়-মহাপুরুষধ্যানান্তর্গতং ভবতি।

যৎকিঞ্চিদ্বস্তুনি চিত্তবৃত্তের্নিরোধ এব যোগ উচ্যতে, অতএব যস্মিন্ বস্তুনি চিত্তবৃত্তের্নিরোধো ভবতি, তং তন্নামক-যোগ উচ্যতে। তস্য যোগস্য যমনিয়মাসন প্রাণায়াম প্রত্যাহার ধারণাধ্যান সমাধি ভেদাদষ্টাঙ্গানি। যোগ প্রতিকূলব্যাপারা-ন্নিবৃত্তির্নাম যমঃ, যোগানুকূলব্যাপারে প্রবৃত্তির্নাম নিয়মঃ। দেহস্থিরীকরণমাসনম্। প্রাণস্থিরী-করণং প্রাণায়ামঃ, বহিরিন্দ্রিয়স্থিরীকরণং প্রত্যাহারঃ, অন্তঃকরণস্থিরীকরণং ধারণা, বশীভূতান্তঃকরণস্য ধ্যেয় বিষয়ে সঞ্চারণং ধ্যানম্, ধ্যেয়াকারে পরিণমনং সমাধিঃ। এতদ্বিষয়াঃ প্রাগ্ বর্ণিতাঃ।

তদেবং মহাপুরুষরূপত্রয়ে যঃ সমাধিঃ সঃ

শক্তিসমূহ হইতে পরমাত্মস্বরূপের ভিন্নত্ব দর্শন-পূর্বক পরমাত্মস্বরূপ হইতে জীব-মায়াদি শক্তি-সমূহের এবং শক্তিকার্য সকলের অভিন্নত্ব দর্শনরূপ সর্বত্র ব্রহ্ম দর্শনকেই **'বিজ্ঞান'** বলা হয়। সেই বিজ্ঞানে যোগকে বিজ্ঞান যোগ বলা হইয়া থাকে। বৈরাগ্য এবং ভগবদ্ভক্তির সাহায্যে এই বিজ্ঞান দ্বারাই ব্রহ্মসাযুজ্যাদি মুক্তি হয়। এই **সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান-রূপ ত্রিবিধ অনুভবকে 'বিবেক'** বলা হইয়া থাকে।

চিৎশক্ত্যাবিষ্কৃত সচ্চিদানন্দ ঘনবৈচিত্র্য বস্তু-সকল বিবেকের অতীতহেতু এস্থলে লিখিত হইলেন না; এই বিবেকের অধিকার, চিৎশক্তি এবং লীলাশক্তি ব্যতিরেকে মায়াশক্তি প্রভৃতির ব্যাপারে হইয়া থাকে। শ্রীভগবান স্বরূপভূত চিৎশক্তি এবং লীলাশক্তি দ্বারা অনন্তকোটি ব্রহ্মাণ্ড মধ্যে নানারূপের প্রাকট্য পূর্বক ভক্তমনোরথ পূরণার্থে লীলাবিস্তার করিয়া থাকেন। সেই শ্রীভগবৎ প্রকটিকৃত রূপ বিশেষে প্রীতিরহিত চিত্তের নিরোধ হইলে তাহাকে **'ধ্যানযোগ'** বলা হয়। কল্পিত চিৎশক্ত্যানাবিষ্কৃত মায়াশক্ত্যাদ্যা-তীত শ্রীভগবৎস্বরূপমাত্রে চিত্তবৃত্তি নিরোধকেও ধ্যানযোগ বলা হয়।

প্রথম মহাপুরুষের বিগ্রহ জ্ঞানে অনন্তকোটি ব্রহ্মাণ্ডাকাররূপে, দ্বিতীয় মহাপুরুষের বিগ্রহ জ্ঞানে ব্রহ্মাণ্ড বিশেষাকাররূপে, তৃতীয় মহাপুরুষের বিগ্রহ জ্ঞানে স্বশরীর মাত্র রূপে চিত্তবৃত্তি নিরোধকেও 'ধ্যানযোগ' বলা হয় ব্রহ্মাণ্ড বিশেষ মধ্যগত চতুর্দশ ভুবনের ধ্যান উক্ত দ্বিতীয় মহাপুরুষ ধ্যানযোগ মধ্যগত হয়। শরীর মধ্যগত সপ্তপদ্মের ধ্যান এই তৃতীয় মহাপুরুষ ধ্যান মধ্যগত হইয়া থাকে।

যে কোন বস্তুতে চিত্তবৃত্তির নিরোধকেই যোগ বলা হয়, অতএব যে বস্তুতে চিত্তবৃত্তির নিরোধ হয়, তাহাকে তন্নামক যোগ বলা হইয়া থাকে। সেই যোগের যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সমাধি ভেদে অষ্ট সংখ্যক অঙ্গ হইয়া থাকে। যোগ প্রতিকূল ব্যাপার হইতে নিবৃত্তির নাম যম, যোগানুকূল ব্যাপারে প্রবৃত্তির নান **নিয়ম,** দেহ স্থিরীকরণের নাম

সংপ্রজ্ঞাত সংজ্ঞঃ। গুণাতীত ব্রহ্মস্বরূপে সমাধিমসংপ্রজ্ঞাতমিতি বদন্তি। অতএব শ্রীভগবদ্ বিগ্রহে যঃ সমাধিস্তং সংপ্রজ্ঞাতাসংপ্রজ্ঞাতমিতি বদন্তি। স্বকীয় মায়াশক্তি কার্য মধ্যে প্রকটিতত্বাৎ সংপ্রজ্ঞাতসংজ্ঞঃ, সচ্চিদানন্দ স্বরূপ ঘনবৈচিত্র্যত্বাদ সংপ্রজ্ঞাত সংজ্ঞোঽপি ভবতি।

এবং সৃষ্ট্যাদিকালং প্রলয়কালঞ্চোপলক্ষীকৃত্য বিবেক মধ্যগত সাংখ্যমপি দ্বিবিধং—ব্যক্তাব্যক্ত প্রকৃতি পুরুষ বিবেক ভেদাৎ। জ্ঞাননিষ্ঠা-জ্ঞান সংন্যাস ভেদাৎ জ্ঞানং বিজ্ঞানঞ্চ দ্বিবিধম্। যদা পরব্রহ্মস্বরূপাৎ অভিন্নত্বাৎ পরমাশ্রিত বিশ্বং তন্মাত্ররূপেণ পশ্যতি, পরন্তু বিশ্বানুভবং নান্তর্হিতং, তদা এতদনুভবং বিজ্ঞান-নিষ্ঠেতি ভণ্যতে। যদা পরমাশ্রিতং বিশ্বমনাদৃত্য তদনুভবং বিনা পরমাশ্রয় পরব্রহ্মস্বরূপ মাত্রস্যৈবানুভবং ভবতি তদা তাদৃশানুভবং বিজ্ঞান সংন্যোসেতি বদন্তি। তদেবং বিজ্ঞান যোগো দ্বিবিধো বিজ্ঞান নিষ্ঠারূপো বিজ্ঞান সংন্যাসরূপশ্চ। কর্মাধীন দেহেঽবস্থানকালে ঈদৃশ বিজ্ঞান যোগে সতীয়ং জীবন্মুক্তাবস্থেতি বদন্তি, দেহত্যাগানন্তরং পরমমুক্তাবস্থা ভবতি, ইদমেব বিদেহ কৈবল্যং ব্রহ্মসাযুজ্য মুক্তির্বা কথয়তি। অস্যাং ব্রহ্মসাযুজ্যমুক্তৌ বিজ্ঞান সংন্যাসস্যৈব নিত্যস্থিতিঃ প্রায়িকঃ। বিশ্বানুভবরূপো বিজ্ঞাননিষ্ঠা যোগঃ কাদাচিৎকরূপেণ ভাতি।

যদা পরমাত্মনঃ তৎপ্রেরিত মায়াশক্ত্যাদিভি র্বিশ্বসৃষ্ট্যাদিলীলায়া অনুভবো ভবতি, তদেদৃগনুভবং

আসন, প্রাণস্থিরীকরণের নাম **প্রাণায়াম,** বহিরিন্দ্রিয় স্থিরীকরণের নাম **প্রত্যাহার,** অন্তঃকরণ স্থিরীকরণের নাম **ধারণা,** বশীভূতান্তঃকরণের ধ্যেয়বিষয়ে সংচারণের নাম **ধ্যান,** ধ্যেয়াকারে পরিণমণের নাম **সমাধি** হয়। এসকল বিষয় বিস্তারিতরূপে পূর্বে লিখিত হইয়াছে, অতএব এস্থলে আর লিখিবার প্রয়োজন নাই।

উক্ত মহাপুরুষ রূপত্রয়ে যে সমাধি তাহাকে **সংপ্রজ্ঞাত** সমাধি বলা হয়। গুণাতীত ব্রহ্মস্বরূপে সমাধিকে **অসংপ্রজ্ঞাত** সমাধি বলা হয়। অতএব শ্রীভগবৎ শ্রীবিগ্রহে যে সমাধি তার নাম **সংপ্রজ্ঞাতাসংপ্রজ্ঞাত** সমাধি। যেহেতু স্বকীয় মায়াশক্তি কার্যমধ্যে প্রকটিতহেতু সংপ্রজ্ঞাতও হন, সচ্চিদানন্দ স্বরূপ ঘনবৈচিত্র্যহেতু অসংপ্রজ্ঞাতও হইয়া থাকেন।

এইরূপ সৃষ্ট্যাদি কাল এবং প্রলয় কালকে লক্ষ্য করিয়া বিবেক মধ্যগত সাংখ্য ও **ব্যক্ত প্রকৃতি-পুরুষ বিবেক** এবং **অব্যক্ত প্রকৃতি পুরুষ বিবেক** ভেদে দ্বিবিধ হন। **জ্ঞাননিষ্ঠা** এবং **জ্ঞানসংন্যাস** ভেদে জ্ঞান এবং বিজ্ঞানও দ্বিবিধ। যেকালে পরব্রহ্মস্বরূপ হইতে পরমাশ্রিত বিশ্বকে অভিন্নহেতু তন্মাত্ররূপে দেখা যায় কিন্তু বিশ্বানুভব অন্তর্হিত হয় না, সেই-কালে এই অনুভবকে **বিজ্ঞাননিষ্ঠা** বলা হয়। যেকালে পরমাশ্রিত বিশ্বে অনাদরপূর্বক তদনুভব ব্যতিরেকে পরমাশ্রয় পরব্রহ্মস্বরূপ মাত্রেরই অনুভব হয়, সেই কালে অনুভবকে **বিজ্ঞান সংন্যাস** বলা হইয়া থাকে। এই বিজ্ঞান-নিষ্ঠারূপ যোগ এবং বিজ্ঞান-সংন্যাসরূপ যোগ ভেদে বিজ্ঞানযোগ দ্বিবিধ। কর্মাধীন দেহে অবস্থান কালে এইরূপ বিজ্ঞানযোগ হইলে ইহাকে **জীবন্মুক্তাবস্থা** বলা হয়। এই দেহের ত্যাগের পর **পরম মুক্তাবস্থা** হয়, ইহাকেই বিদেহ কৈবল্য অথবা ব্রহ্মসাযুজ্য মুক্তি বলা হয়। এই ব্রহ্মসাযুজ্য মুক্তিতে প্রায় বিজ্ঞান সংন্যাসেরই নিত্যস্থিতি হইয়া থাকে। বিশ্বানুভবরূপ বিজ্ঞান নিষ্ঠা যোগ কাদাচিৎকরূপে উদিত হইয়া থাকে।

যে কালে পরমাত্মার, তৎপ্রেরিত মায়াশক্তি প্রভৃতি দ্বারা বিশ্ব সৃষ্টিপালন সংহার লীলার

জ্ঞাননিষ্ঠেত্যুচ্যতে। যদা বিশ্বসৃষ্ট্যাদিলীলানুভবং বিনা কেবলং তৎ প্রেরকত্বাৎ তত্তৎশক্ত্যাশ্রয়-পরমাত্মনোঽনুভবং ভবতি। তদেদৃগনুভবং জ্ঞান-সংন্যাসেতি বদতি। তদেবং জ্ঞানযোগো দ্বিবিধঃ জ্ঞাননিষ্ঠাযোগো জ্ঞানসংন্যাসযোগশ্চ। বিজ্ঞান-যোগে মায়াদিশক্তীনাং পৃথগস্তিত্বানুভবো নাস্তি, জ্ঞানযোগে তত্তৎশক্তীনাং পারতন্ত্র্যভাবেন পৃথগ-স্তিত্বস্যানুভবো ভবতীতি যোগদ্বয়স্য ভেদঃ। অতএব বিজ্ঞানযোগ এব জ্ঞানযোগস্য ফলরূপঃ। অধিকারিবিশেষেঽয়ং জ্ঞানযোগঃ স্বতন্ত্রফলরূপোঽপি ভবতি। অনেনাপি জীবন্মুক্তা-বস্থা পরমমুক্তাবস্থা চ পূর্ববদ ভবতি। ইমাং মুক্তিং পরমেশ্বরসাযুজ্যেতি ভণ্যতে। অস্যাং জ্ঞান-সংন্যাসস্য নিত্যস্থিতিত্বেঽপি কাদাচিৎকরূপেণ জ্ঞাননিষ্ঠাপি উদেতি। ইত্থং ধ্যানযোগো বিজ্ঞান-যোগস্য সাংনোঽপি অধিকারিবিশেষে স্বতন্ত্রফল-রূপো ভবতি। সকামাধিকারী অনেন ধ্যান-যোগেন সিদ্ধিসকলান্ লভতে, নিষ্কামাধিকারী তু মুক্তিম্, ইমাং মুক্তিং পরমাত্মসাযুজ্যং বদতি। অস্যামসংপ্রজ্ঞাতসমাধের্নিত্যস্থিতিত্বেঽপি কদাচিৎ সংপ্রজ্ঞাতসমাধিরপি উদেতি। অনেন ধ্যান-যোগেনাপি জীবন্মুক্তাবস্থা পরমমুক্তাবস্থাপি পূর্ব-বদ্ ভবতি। সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান-ধ্যানেষু অষ্টাঙ্গ-যোগস্য প্রয়োজনং ভবতি। কেবলং শ্রীভগবৎ-প্রীতিং বিনা মার্গান্তরং যোগব্যতিরেকেণ ফল-প্রদো ন ভবতি। কর্মানুষ্ঠানকালেঽপি যোগস্য

অনুভব হয় এবং তত্তৎশক্তি প্রেরকরূপে পরমাত্মারও অনুভব হইয়া থাকে, সেইকালে এইরূপ অনুভবকে 'জ্ঞাননিষ্ঠা' বলা হয়। যে কালে বিশ্বসৃষ্টি-পালন-সংহার-লীলার অনুভব ব্যতিরেকে কেবলমাত্র প্রেরকহেতু তত্তৎশক্ত্যাশ্রয় পরমাত্মারই অনুভব হইয়া থাকে, সেইকালে এইরূপ অনুভবকে 'জ্ঞান সংন্যাস' বলা হয়। জ্ঞাননিষ্ঠা যোগ এবং জ্ঞান-সংন্যাস যোগ এই দ্বিবিধ যোগকে জ্ঞানযোগ বলা হয়। বিজ্ঞান যোগে মায়াদি শক্তি সমূহের পৃথ-গস্তিত্বের অনুভব হয় না। জ্ঞান যোগে তত্তৎ-শক্তি সমূহের পারতন্ত্র্যভাবে পৃথগস্তিত্বের অনুভব হইয়া থাকে। এইমাত্র এই যোগদ্বয়ে ভেদ হয়। অতএব **বিজ্ঞান-যোগই জ্ঞানযোগের ফলরূপ।** অধিকারী বিশেষে এই জ্ঞানযোগ স্বতন্ত্র ফলরূপও হয়। এই জ্ঞানযোগ দ্বারাও জীবন্মুক্তাবস্থা এবং পরমমুক্তাবস্থা পূর্ববৎ হয়। এই মুক্তিকে **পরমেশ্বর সাযুজ্য** বলা হয়, ইহাতে জ্ঞান সংন্যাসের নিত্যস্থিতি হইলেও কাদাচিৎকরূপে জ্ঞান নিষ্ঠারও উদয় হয়। উক্ত প্রকারে ধ্যানযোগ বিজ্ঞান-যোগের সাধন হইলেও অধিকারী বিশেষে স্বতন্ত্র ফলরূপ হইয়া থাকেন। সকামাধিকারী এই ধ্যান যোগ দ্বারা সিদ্ধি সকল লাভ করেন। নিষ্কামাধিকারী মুক্তি লাভ করিয়া থাকেন। এই মুক্তিকে **পরমাত্ম-সাযুজ্য** বলা হয়। ইহাতে অসংপ্রজ্ঞাত সমাধির নিত্যস্থিতি হইলেও কাদা-চিৎকরূপে সংপ্রজ্ঞাত সমাধিরও উদয় হয়। এই ধ্যান যোগ দ্বারাও জীবন্মুক্তাবস্থা এবং পরমমুক্তা-বস্থা পূর্ববৎ হইয়া থাকে। **সাংখ্যে, জ্ঞানে, বিজ্ঞানে, এবং ধ্যানে সর্বত্রই অষ্টাঙ্গযোগের প্রয়োজন হয়।** একমাত্র শ্রীভগবৎপ্রীতি ব্যতি-রেকে অন্য কোন মার্গই যোগ ব্যতিরেকে ফলপ্রদ হয় না। কর্মানুষ্ঠানকালেও যোগের বিশেষ প্রয়োজন হইয়া থাকে।

যে কালে মায়াশক্তিরূপ প্রকৃতিকে পঞ্চবিংশতি-তত্ত্বরূপে ভেদপ্রাপ্তা দেখা যায়, সেই পঞ্চবিংশতি-তত্ত্ব হইতে পৃথক্ এবং তৎসাক্ষিরূপে মহাপুরুষকে দেখা হয়, জীবকে তদংশরূপে দেখা হয়, বিশ্বকে পঞ্চবিংশাতিতত্ত্বময় দেখা হয়, সেইকালে এইরূপ

বিশেষপ্রয়োজনমস্তি ।

যদা মায়াশক্তিরূপাং প্রকৃতিং পঞ্চবিংশতি তত্ত্বরূপেণ ভেদপ্রাপ্তাং পশ্যতি, ততঃ পৃথক্ত্বেন তৎসাক্ষিত্বেন চ মহাপুরুষং পশ্যতি, জীবং তদংশরূপেণ পশ্যতি বিশ্বং পঞ্চবিংশতিতত্ত্বময়ং পশ্যতি চ, তদেদৃশমনুভবং 'ব্যক্ত-প্রকৃতিপুরুষবিবেকঃ' কথয়তি। যদা কেবলং মূলপ্রকৃতেঃ সাক্ষিরূপেণ জীবসহিতমহাপুরুষস্যানুভবং ভবতি, তদেদৃশমনুভবং 'অব্যক্তপ্রকৃতিপুরুষবিবেকঃ' কথয়তি। ইমংবিবেকযোগদ্বয়ং সাংখ্যযোগং বদতি । অয়ং সাংখ্যযোগঃ পূর্বোক্তযোগত্রয়স্য সাধনোঽপি অধিকারী বিশেষে স্বতন্ত্রফলরূপো ভবতি। অনেনাপি পূর্ববৎজীবন্মুক্তাবস্থা পরমমুক্তাবস্থা চ ভবতি। ইমাং মুক্তিং মহাপুরুষসাযুজ্যং বদতি। অস্যাং অব্যক্তপ্রকৃতিপুরুষবিবেকস্য নিত্যস্থিতিত্বেঽপি কদাচিদ্ব্যক্তপ্রকৃতিপুরুষ বিবেকস্যাপি উদয়ো ভবতি। যতো মুক্তানামপি কদাচিদ্বিশ্বস্মৃতিঃ জায়তে। পরন্তু বৈরাগ্যস্য কিঞ্চিন্মাত্র দুর্বলতয়া এবৈতদ্‌যোগচতুষ্টয়ং মুক্তিপ্রদো ন ভবতি। অতএব সর্বত্রৈব বৈরাগ্যস্য বিশেষ-প্রয়োজনং ভবতীতি ॥ ৩॥

নাস্তিক ঃ—বিবেকযোগয়োর্বিষয়ং শ্রুতবান্, অতঃপরং বৈরাগ্যলক্ষণং তদ্বিষয়শ্চ শ্রোতুমিচ্ছামি।

সূত্রকার ঃ—বৈরাগ্যলক্ষণং বর্ণয়তি।

গুণসঙ্গো বৈরাগ্যম্ ॥ ৪ ॥

—শব্দস্পর্শরূপরসগন্ধেষু পঞ্চপ্রাকৃতবিষয়েষু য আসক্তেরভাবঃ, তদেব বৈরাগ্যং ভো মহোদয়াঃ, প্রাগুক্তং যৎ—কেবলা বিষয়াশক্তিরেব মুক্তাবস্থাতঃ সংসৃতিমহার্নবে সংপতনস্য কারণম্। প্রথমতঃ শব্দাদিপঞ্চবিষয়স্য মাধুর্য্যে জীবানাং চিত্তাকর্ষনং ভবতি, তেন বিষয়াভিধ্যানং তস্মাত্তত্ত্বমতাবোধঃ, পশ্চাৎ শ্রীভগবৎস্বরূপ-

---

অনুভবকে 'ব্যক্ত প্রকৃতি পুরুষ বিবেক' বলা হয়। যেকালে কেবলমাত্র মূলপ্রকৃতির সাক্ষিরূপে জীবসহিত মহাপুরুষের অনুভব হয়, সেইকালে এইরূপ অনুভবকে 'অব্যক্ত প্রকৃতিপুরুষবিবেক' বলা হয়। এই দ্বিবিধ বিবেকযোগকে 'সাংখ্যযোগ' বলা হইয়া থাকে। এই সাংখ্যযোগ পূর্বোক্ত যোগত্রয়ের সাধন হইলেও অধিকারী বিশেষে স্বতন্ত্র ফলরূপ হইয়া থাকেন। এই সাংখ্যযোগ দ্বারাও পূর্ববৎ জীবন্মুক্তাবস্থা এবং পরমমুক্তাবস্থা হয়। এই মুক্তিকে **'মহাপুরুষ সাযুজ্য'** বলা হয়। এই মুক্তিতে অব্যক্ত প্রকৃতি পুরুষ বিবেকের নিত্যস্থিতি হইলেও কাদাচিৎকরূপে ব্যক্তপ্রকৃতি পুরুষ বিবেকেরও উদয় হয়। যেহেতু মুক্তসকলেরও কাদাচিৎকরূপে বিশ্বস্মৃতি হইয়া থাকে। কিন্তু বৈরাগ্যের কিঞ্চিৎ মাত্র দুর্বলতা হইলেই উক্ত যোগচতুষ্টয় মুক্তিপ্রদ হয় না। অতএব সর্বত্রই বৈরাগ্যের বিশেষ প্রয়োজন হইয়া থাকে ইতি॥ ৩॥

নাস্তিক—বিবেক সম্বন্ধীয় এবং যোগ সম্বন্ধীয় বিষয় শ্রবণ করিলাম। অতঃপর বৈরাগ্য কাহাকে বলা হয় তদ্বিষয় শ্রবণ করিতে ইচ্ছা করি।

সূত্রকার—বৈরাগ্যের লক্ষণ বর্ণনা করিতেছেন—

শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ এই পঞ্চবিধ প্রাকৃত বিষয়ে যে আসক্তির অভাব, তাহাই **বৈরাগ্য** নামে কথিত হইয়া থাকেন।

হে মহোদয়গণ! পূর্বে বলা হইয়াছে যে—একমাত্র বিষয়াসক্তিই মুক্তাবস্থা হইতে সংসার মহাসাগরে সংপতনের হেতু হয়। অগ্রে শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ এই পঞ্চবিধ বিষয়ের মাধুর্যে জীবগণের চিত্তের আকর্ষণ হয়, সেই আকর্ষণ হেতু বিষয়ের অভিধ্যান হয়, পরে তত্ত্বমতা জ্ঞান হয়। পরে শ্রীভগবৎস্বরূপ-মাহাত্ম্যাদির বিস্মরণ হয়, পরে বিষয়ে বাসনা এবং কাম হইলে মুক্তাবস্থা

মাহাত্ম্যাদীনাং বিস্মরণং, ততো বিষয়ে বাসনা কামশ্চ জায়তে, তেন মুক্তাবস্থাতঃ পতনম্। দেহাবেশেন কর্মানুষ্ঠানং, তদনুসারাৎ জন্মমৃত্যু-প্রবাহরূপঃ সংসারঃ। অতএব বিষয়াসক্তিরেব সংসারদুঃখপ্রাপ্তৌ হেতু র্ভবতি। তদ্বৈপরীত্যেন শ্রীভগবৎস্বরূপ-মাহাত্ম্যাদিস্মরণপ্রভাবাৎ তন্নামরূপ-গুণলীলাদিমাধুর্যানুভবপ্রভাবাৎ, বিষয়ানাং দোষ-পর্যালোচনাচ্চ বিষয়েষু স্নেহত্যাগে সতি পুন-র্বিষয়ানাং মাধুর্যেণ চিত্তাকর্ষণং ন ভবতি। তদ-ভিধ্যানং তত্তত্তমতাবোধশ্চ ন ভবতি, তস্মিন্ বাসনায়াঃ কামস্য চ সম্ভাবনা নাস্তি, তদভাবাদ্-দেহাদাবহংবুদ্ধিশ্চ ক্রমাৎ সঙ্কুচতি। তদনুসারাৎ কর্মাণি চ দুর্বলানি ভূত্বা পুনঃ সংসারপ্রদো ন ভবতি। বিষয়েষু স্নেহত্যাগাদেব তেষু পুনরাসক্তি-র্ন জায়তে, তস্মাদ্ বিষয়াসক্তেরভাব এব বৈরাগ্যম্।

যদা বিষয়স্নেহস্য বিষয়াসক্তেশ্চাভাবাৎ ঐহিকসাধারণ-বিষয়ভোগে, রাজশক্ত্যাদিপরিচালনে, সাম্রাজ্য-পরিচালনে, পারলৌকিক ভূর্ভুবঃস্বর্লোকভোগে, অতলাদিসপ্তপাতালভোগে, মহর্জনতপঃসত্যলোক-ভোগে, মহেন্দ্রপদে ব্রহ্মপদে চ বাসনাভাসোঽপি-ন তিষ্ঠতি। তদেদৃশং শান্তিরূপং ভাবং বৈরাগ্য-মিতি বদন্তি। অস্য বৈরাগ্যস্যাবির্ভাবে চিত্তং স্থিরং প্রশান্তং সমমবিকৃতঞ্চ ভবতি। বৈরাগ্যং বিনা সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান-ধ্যান-কর্মযোগাঃ কদাপি স্থিতিং ন লভন্তে। ইদমেব বৈরাগ্যং জীবন্মুক্তা-বস্থায়াঃ পরিচায়কং ভবতি। শ্রীভগবৎপ্রীতি-যোগোঽপি প্রথমাবস্থায়াং বৈরাগ্যম পেক্ষতি। প্রীতিযোগে প্রবলে স্বয়ং বৈরাগ্যমেব তদনুসরতি। শ্রীভগবৎ প্রীতিযোগস্তৎপ্রভাবশ্চাগ্রে ব্যক্তী-ভবিষ্যতি। ফল্গুবৈরাগ্যযুক্ত বৈরাগ্যভেদাদ্ বৈরাগ্যং দ্বিবিধম্। ইহলোকাদ্ব্রহ্মলোকং যাবৎ

হইতে পতন হয়। দেহাবেশে কর্মানুষ্ঠান হয়। তদনুসারে জন্মমৃত্যু-প্রবাহ রূপ সংসার হইয়া থাকে। অতএব একমাত্র বিষয়াসক্তিই সংসার-দুঃখ প্রাপ্তি বিষয়ে হেতু হইয়া থাকে। তদ্বিপরীত প্রকারে শ্রীভগবৎস্বরূপ-মাহাত্ম্যাদির স্মরণ প্রভাবে এবং তন্নামরূপ-গুণলীলাদির মাধুর্যানুভব প্রভাবে এবং বিষয় সকলের দোষ পর্যালোচনা হেতু সেই সকল বিষয়ে স্নেহত্যাগ হইলে আর বিষয় সকলের মাধুর্যদ্বারা চিত্তের আকর্ষণ হয় না। তদভিধ্যান এবং তত্তত্তমতা জ্ঞানও হয় না। তাহাতে বাসনা এবং কামেরও সম্ভাবনা হয় না। তদভাবে দেহাদিতে অহংবুদ্ধিরও ক্রমে সঙ্কোচ হয়। তদনুসারে কর্মসকলও দুর্বল হন। আর সংসার প্রদ হন না। বিষয় সকলে স্নেহত্যাগ হইলেই সেই সকল বিষয়ে আর আসক্তি হয় না। এই বিষয়াসক্তির অভাবকে 'বৈরাগ্য' বলা হয়।

যে কালে বিষয় স্নেহের এবং বিষয়াসক্তির অভাব হেতু ইহলোকের সাধারণ বিষয়ভোগে, রাজশক্ত্যাদির পরিচালনে, সাম্রাজ্যের পরিচালনে, পরলোক সম্বন্ধীয় ভূলোক ভুবলোক, স্বলোক ভোগে, অতলাদি সপ্ত ভূবিবর ভোগে, মহর্জন তপঃসত্য লোক ভোগে, ইন্দ্রাদিপদে এবং ব্রহ্ম-পদেও বাসনার গন্ধমাত্র থাকে না, সেইকালে এই 'শান্তি' রূপ ভাবকেই **'বৈরাগ্য'** বলা হয়। এই বৈরাগ্যের আবির্ভাব হইলে চিত্ত স্থির, প্রশান্ত, সম এবং অবিকৃত হইয়া থাকে। বৈরাগ্য ব্যতিরেকে সাংখ্যযোগ, জ্ঞানযোগ, বিজ্ঞানযোগ এবং ধ্যানযোগ, কর্মযোগ কদাপি স্থায়ী হইতে পারেন না। এই বৈরাগ্যই জীবন্মুক্তাবস্থার পরিচয় প্রদ হইয়া থাকেন। শ্রীভগবৎপ্রীতিযোগও প্রথমাবস্থাতে বৈরাগ্যের অপেক্ষা করেন। প্রীতি-যোগ প্রবল হইলে স্বয়ং বৈরাগ্যই তদনুসরণ

সর্বেলোকাস্তত্তদ্‌বস্তূনিচ শ্রীপমেশ্বরস্য মায়ারচিতত্বাৎ পরিচ্ছিন্ননি, অতএব হেয়ানি। অনেন ভাবনয়া শ্রীহরিসম্বন্ধিবস্তুনো যঃ পরিত্যাগস্তং ফল্গুবৈরাগ্যং বদন্তি। মুমুক্ষবো ব্রহ্মসাযুজ্যাদিমুক্তি লাভায়ে-দৃশং বৈরাগ্যমবলম্বন্তে। শ্রীকৃষ্ণসম্বন্ধে নির্বন্ধ্য অনাসক্ত্যা নিষিদ্ধং পরিত্যক্ত্বা যদ্বিষয়গ্রহণং তদ্-যুক্ত বৈরাগ্যম্। পরমভাগবতা ঈদৃশং বৈরাগ্য-মনুশীলয়ন্তি। অনেনৈব শ্রীভগবৎপ্রীতিঃ পরিপুষ্টিং লভতে। বিষয়ানাং তদ্‌ভোগস্য চ দোষাঃ পশ্চাদ্ বৈষয়িকসুখস্যহে য়ত্বর্ণনাবসরে বক্তব্যাঃ। ॥ ৪ ॥

নাস্তিকঃ—বৈরাগ্যলক্ষণং জ্ঞাতম্, অতঃপরং প্রীতিলক্ষণং জ্ঞাতুমিচ্ছামি। সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান ধ্যানযোগেষু যথা বৈরাগ্যস্য পরিপুষ্টিঃ দৃশ্যতে, তথা প্রীতৌ ন সম্ভবতি। প্রীতিরপি বিষয়স্নেহরূপৈব ভবিষ্যতি স্নেহরূপাত্বাৎ। বৈরাগ্যাভাবাৎ শান্তি-সুখস্যাপি অভাবাশঙ্কা বিদ্যতে। প্রীতিবশাৎ নানাভাবোদয়তঃ যোগস্যাপি স্থায়িত্বং ন দৃশ্যতে, যত্র নামাভাবস্য প্রাবল্যং তত্র সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান ধ্যানযোগস্যাপি কথং স্থায়িত্বং ভবিতুমর্হতি? কদাপি তন্ন। যত্র বৈরাগ্যাভাবঃ শান্তিসুখাভাবঃ যোগবিবেকাভাবশ্চ, তাদৃশপ্রীত্যা কথং সংসার-দুঃখস্য নিবৃত্তির্ভবিষ্যতি, তত্র বিশ্বাসো ন ভবতি। অতএবৈতে সংশয়াশ্ছেদনীয়াশ্চ ॥ ১ ॥

সূত্রকারঃ—প্রীতিলক্ষণং বর্ণয়তি—

ভগবতি পরমানুরক্তিঃ প্রীতিঃ ॥ ৫ ॥

শ্রীভগবতি যা পরমানুরক্তিঃ সৈব প্রীতি-সংজ্ঞিতা।

ভো মহোদয়াঃ, পূর্বমুক্তং যৎ—শ্রীভগবান্ স্বস্বরূপমধ্যেঽপরিচ্ছিন্নভাবেন সর্ববস্তুনোঽনুভবং

করিয়া থাকেন। শ্রীভগবৎপ্রীতিযোগ এবং তৎপ্রভাব পরে ব্যক্ত হইবেন।

ফল্গু বৈরাগ্য এবং যুক্ত বৈরাগ্য ভেদে বৈরাগ্য দ্বিবিধ হন। (ক) ইহলোক হইতে ব্রহ্মলোক পর্যন্ত সকললোক এবং তত্তৎলোকগত সর্ববস্তু শ্রীপরমেশ্বরের মায়াশক্তি রচিত হেতু পরিচ্ছিন্ন, অতএব হেয় হন। এইরূপ বুদ্ধিদ্বারা শ্রীহরিসম্বন্ধী বস্তুর যে পরিত্যাগ তাহাকে **'ফল্গু বৈরাগ্য'** বলা হয়। মুমুক্ষু ব্যক্তিগণ ব্রহ্মসাযুজ্যাদি মুক্তিলাভের উদ্দেশে এইরূপ বৈরাগ্যের অবলম্বন করিয়া থাকেন।

(খ) শ্রীভগবৎ শ্রীকৃষ্ণ-সম্বন্ধে নির্বন্ধ স্থাপন পূর্বক অনাসক্তভাবে নিষিদ্ধ পরিত্যাগ পূর্বক যে বিষয় গ্রহণ, তাহাকে **'যুক্ত বৈরাগ্য'** বলা হয়। পরমভাগবতগণ এইরূপ বৈরাগ্যের অনুশীলন করিয়া থাকেন। এই বৈরাগ্যদ্বারাই শ্রীভগবৎ-প্রীতি পরিপুষ্টি লাভ করেন। বিষয় সকলের এবং বিষয় ভোগের দোষ সকল পরে 'বৈষয়িক সুখের হেয়ত্ব' বর্ণন কালে কথিত হইবেন ॥ ৪ ॥

নাস্তিক—বৈরাগ্য কাহাকে বলা হয়, তাহা জ্ঞাত হইলাম। অতঃপর প্রীতি কাহাকে বলা হয়, তাহা জানিতে ইচ্ছা করি। সাংখ্যযোগে, জ্ঞান-যোগে, এবং বিজ্ঞানযোগে অথবা ধ্যানযোগে যে প্রকার বৈরাগ্যের পরিপুষ্টি দেখা যায়, সে প্রকার বৈরাগ্যের পরিপুষ্টি প্রীতিতে সম্ভব হয় না। প্রীতিও স্নেহরূপা হেতু বিষয় স্নেহরূপাই হইবেন? বৈরাগ্যের অভাবে শান্তি সুখেরও অভাবাশঙ্কা হইয়া থাকে। প্রীতিবশে নানাভাবের উদয় হেতু যোগেরও স্থায়িত্ব দেখা যায় না। যে স্থানে নানাভাবের প্রাবল্য সেস্থানে সাংখ্যযোগের জ্ঞান-যোগের বিজ্ঞান-যোগের এবং ধ্যানযোগেরও কি প্রকারে স্থায়িত্ব হইতে পারে? তাহা কদাচ হইতে পারে না। যাহাতে বৈরাগ্য নাই, শান্তি সুখ নাই, যোগ নাই, বিবেক নাই, সেরূপ প্রীতিদ্বারা কি প্রকারে সংসার দুঃখের নিবৃত্তি হইবে, তাহাতে বিশ্বাস হয় না। অতএব এই সকল সংশয় ছেদনও প্রয়োজনীয়। ॥ ১ ॥

কুর্বন্নপি ভক্তবাৎসল্যাদনন্তকোটি বৈকুণ্ঠমধ্যে নানারূপং প্রকটয়ন্ ভক্তৈঃ সহ তদ্‌ভাবগ্রহণরূপাং-লীলাং বিস্তারয়তি। বিষয়াসক্ত সংসারিজীবানাং মঙ্গলায় চ পরমাত্মরূপেণানন্তকোটি ব্রহ্মাণ্ডস্যাপি সৃষ্টিপালনসংহারান্ করোতি। স ভক্ত-বৎসলঃ শ্রীভগবান্ বিশ্বপালনচ্ছলেন ভক্তানুগ্রহোদ্দেশে নিজ বৈকুণ্ঠধামগত নানারূপস্য প্রাকট্যং ব্রহ্মাণ্ড-মধ্যে করোতি। ২

যে ভক্তজীবা ঐহিক ভোগৈশ্বর্যলালসাং ত্যক্ত্বা, স্বর্গভোগাদিলালসাং বিহায়, ব্রহ্মলোকবাসাদৌ ব্রহ্মসাযুজ্যাদি মুক্তৌ চানাদৃত্য, অতএব তত্তৎসাধন-রূপে সর্বধর্মে বিবেকে ফল্গুবৈরাগ্যেঽষ্টাঙ্গযোগেঽ-প্যনাদৃত্য কেবলং ভগবৎ প্রকটিতরূপবিশেষস্য নিরন্তর দর্শন লালসারূপাং পরমানুরক্তিং পুষ্ণন্তি, তেষাং ভক্তানাং শ্রীভগবদ্রূপবিশেষস্য নিরন্তর দর্শন লালসারূপঃ শ্রীভগবতি পরমানুরাগ এব 'প্রীতি' সংজ্ঞকঃ। ৩

অষ্টাঙ্গক্রমেণ ধ্যানপূর্বকমেতদ্ ভগবদ্রূপবিশেষে নিরবচ্ছিন্ন-সমাধ্যনুষ্ঠিতে সতি তং ধ্যানযোগং বদতি তত্র দর্শনলালসা ন তিষ্ঠতি, ধ্যানতৃপ্তিরেব বিদ্যতে, অতএব তেন ধ্যানযোগেন শ্রীভগবৎসাযুজ্য-মুক্তিং লভন্তে। অস্মাৎ প্রীতিযোগিনো ধ্যানমাত্রে ন তৃপ্যন্তি, অত্র দর্শনোৎকণ্ঠা সাতিশয়ং প্রবলয়তি। তস্মাদ্ ধ্যানযোগাৎ প্রীতিযোগো ভিদ্যতে। ৪

অনেন শ্রীভগবৎ প্রীতিযোগেন শ্রীভগবদ্‌ভক্তানাং কৌতুহলানুসারাৎ শ্রীভগবৎসালোক্য- সারূপ্য-সার্ষ্টি সামীপ্যং লব্ধির্ভবতি। পরন্তু পরমমুখ্য শ্রীভগবদ্ভক্তা শ্রীভগবৎসেবাব্যতিরেকেণ

সূত্রকার—প্রীতির লক্ষণ বর্ণন করিতেছেন—

শ্রীভগবানে যে পরমানুরাগ তাহাই প্রীতি নামে উক্ত হন।

হে মহোদয়গণ! পূর্বে বলা হইয়াছে যে—শ্রীভগবান্ স্বকীয় স্বরূপমধ্যে অপরিচ্ছিন্নভাবে সর্ববস্তুর অনুভব করিলেও ভক্তবাৎসল্যগুণে অনন্ত-কোটি বৈকুণ্ঠ- মধ্যে নানারূপের প্রাকট্য পূর্বক ভক্তগণের সহিত তদ্ভাবগ্রহণ অর্থাৎ আদানপ্রদান রূপলীলা বিস্তার করিতেছেন। বিষয়াসক্ত সংসারী জীবগণের মঙ্গলের জন্য পরমাত্মরূপে অনন্তকোটি ব্রহ্মাণ্ডেরও সৃষ্টি পালন সংহার করিতেছেন। সেই ভক্তবৎসল শ্রীভগবান্ বিশ্বপালনছলে ভক্তানু-গ্রহোদ্দেশে নিজ বৈকুণ্ঠধামগত নানারূপের প্রাকট্য ব্রহ্মাণ্ডমধ্যে করিয়া থাকেন। ২

যে সকল ভক্তজীব ইহলোকের ভোগৈশ্বর্য-লালসা ত্যাগপূর্ব্বক, স্বর্গভোগাদি লালসা ত্যাগ-পূর্বক, ব্রহ্মলোক-বাসাদিতে এবং ব্রহ্মসাযুজ্যাদি মুক্তিতেও অনাদরপূর্বক, অতএব সর্বধর্মে অনাদর, বিবেকে, ফল্গু বৈরাগ্য, অষ্টাঙ্গযোগেও অনাদরপূর্বক কেবলমাত্র সেই ভগবৎ-প্রকটিত রূপ বিশেষের নিরন্তর দর্শন লালসারূপ পরমানুরাগ ধারণ করিয়া থাকেন, সেই সকল ভক্তদিগের শ্রীভগবৎ-প্রকটিত-রূপ বিশেষের নিরন্তর দর্শন লালসারূপ শ্রীভগবানে পরমানুরাগকেই 'প্রীতি' বলা হইয়া থাকে। ৩

অষ্টাঙ্গক্রমে ধ্যানপূর্বক এই ভগবদ্রূপ বিশেষে নিরন্তর সমাধি করা হইলে তাহাকে 'ধ্যানযোগ' বলা হয়, তাহাতে দর্শন লালসা থাকে না, কেবল-মাত্র ধ্যান-তৃপ্তিই বিদ্যমানা থাকে, অতএব সেই ধ্যানযোগ দ্বারা শ্রীভগবৎসাযুজ্য মুক্তি লাভ হইয়া থাকে। এই ভগবৎ প্রীতিযোগে কেবল ধ্যানমাত্রে তৃপ্তি হয় না, তৎকালে দর্শনোৎকণ্ঠা সাতিশয় বলবতী হইয়া থাকে, এহেতু ধ্যানযোগে এবং প্রীতিযোগে এই ভেদ হইয়া থাকে। ৪

এই ভগবৎ প্রীতিযোগ দ্বারা শ্রীভগবদ্ভক্তগণের কৌতুহলানুসারে শ্রীভগবানের সালোক্য, সারূপ্য, সার্ষ্টি এবং সামীপ্য লাভ হইয়া থাকে। কিন্তু

সালোক্যাদি মুক্তিচতুষ্টয়ামপি ন গৃহ্ণন্তি। স্বর্গাদি-লাভেচ্ছা দূরেঽস্তু, শ্রীভগবদ্ভক্তা ব্রহ্মসাযুজ্যাদি মুক্তাবপি নরকবৎ হেয়ংতাং পশ্যন্তি। ৫

শ্রীভগবৎপ্রীতিরিয়ং বিভাবানুভাবাদিশুভা-লঙ্কারসুশোভিতা সতী 'শ্রীভগবৎপ্রীতিরস' সংজ্ঞিতা ভবতি। অস্য শ্রীভগবৎপ্রীতিযোগস্যা-ভাবে পূর্বোক্ত বিবেকবৈরাগ্যৌ আসুরস্বভাব-বর্দ্ধকত্বাদ্বিফলয়তঃ। বিশেষতশ্চৈতদ্ ভাবে বৈরাগ্যরূপস্য শান্তিগুণস্য কদাপি স্থায়িত্বং ন স্যাৎ। দৈত্যরাজহিরণ্যকশিপু র্বিবেকেঽষ্টাঙ্গ-যোগে চাতিশয় নিষ্ঠোঽপি কেবলং বিষ্ণুবিদ্বেষাৎ বৈরাগ্যরূপং শান্তিং লব্ধুং ন শশাক। শ্রীভগবৎ-প্রীতিযোগস্য সদ্ভাবে বিবেকবৈরাগ্যৌ স্বয়ং তমনু-গচ্ছতঃ। পঞ্চবর্ষবয়স্কবালকো ধ্রুবো বিমাতুঃ কটু-বাক্যমসহিষ্ণুতয়া শ্রীদেবর্ষিনারদস্যোপদেশাৎ শ্রীভগবৎপ্রীতিযোগপ্রভাবেন ষন্মাসাভ্যন্তরে শ্রীভগবদ্দর্শনাদ্ বরং লব্ধ্বাপি পূর্ববাসনাস্মরণা-দাত্মানং ধিক্কৃতঃ। শ্রীভগবৎপ্রীতিবিযুক্তত্বাৎ বিবেকযোগযুক্তোঽপি হিরণ্যকশিপুর্দেবমানেন শতবর্ষেঽপি যোগবৈরাগ্যে লব্ধুমসমর্থ আসীৎ। শ্রীভগবৎপ্রীতিযুক্তত্বাৎ বিবেকযোগবিহীনোঽপি ধ্রুবঃ মনুষ্যমানেন ষন্মাসেঽপি বিবেকযোগ সহিতং তদ্বৈরাগ্যং লব্ধুং সমর্থঃ ॥ ৬ ॥

শ্রীব্রহ্মণঃ প্রসন্নতালাভায় হিরণ্যকশিপোর্যোগ-সাধনং দৃষ্ট্বা স্বয়ং বরদাতা ব্রহ্মা অপি বিস্মিতোঽ-ভূৎ। ঈদৃশযোগসাধনোঽপি শ্রীভগবদ্বিদ্বেষ দোষাৎ কেবলপরপীড়নায় পর্যবসতি। অতএব শ্রীপ্রীতিযোগস্যাভাবাৎ বিবেকাষ্টাঙ্গযোগৌ ব্যর্থৌ ভবতঃ, বৈরাগ্যস্যোদয়োঽপি ন ভবতি। প্রীতি-সদ্ভাবে বিবেকযোগৌ বৈরাগ্যঞ্চ স্বয়ং তদনু-গচ্ছন্তি ॥ ৭ ॥

পরমমুখ্য শ্রীভগবদ্ভক্তগণ শ্রীভগবৎসেবা ব্যতিরেকে উক্ত সালোক্যাদি মুক্তিচতুষ্টয়ও গ্রহণ করেন না। স্বর্গাদিলাভ বাঞ্ছা দূরে থাকুক শ্রীভগবদ্ভক্তগণ ব্রহ্মসাযুজ্যাদি মুক্তিতেও নরকবৎ হেয়জ্ঞান করেন ॥ ৫ ॥

এই শ্রীভগবৎপ্রীতি বিভাবানুভাবাদি শুভা-লংকার সুশোভিতা হইলে শ্রীভগবৎপ্রীতিরস নামে খ্যাতা হন। এই শ্রীভগবৎপ্রীতিযোগের অভাবে পূর্বোক্ত বিবেকযোগ এবং বৈরাগ্য আসুরস্বভাব-বর্দ্ধক হেতু বিফল হন। বিশেষতঃ এতদ্ভাবে বৈরাগ্যরূপ শান্তির কদাচ স্থায়িত্ব হইতে পারে না। দৈত্যরাজ হিরণ্যকশিপু বিবেকে এবং অষ্টাঙ্গযোগে অতিশয় নিষ্ঠ হইলেও কেবল শ্রীভগ-বদ্বিষ্ণুতে দ্বেষ থাকা হেতু বৈরাগ্যরূপ শান্তিলাভ করিতে পারেন নাই। শ্রীভগবৎপ্রীতিযোগের সদ্ভাবে বিবেকযোগ এবং বৈরাগ্য স্বয়ং তদনুগমন করেন। পঞ্চবর্ষ বয়স্ক বালক ধ্রুব বিমাতার কটু-বাক্য সহ্য করিতে না পারিয়া শ্রীদেবর্ষি নারদের উপদেশে শ্রীভগবৎপ্রীতিযোগ প্রভাবে ষন্মাসমধ্যে শ্রীভগবদ্দর্শন লাভ পূর্বক বরলাভ করিলেও পূর্ব-বাসনা স্মরণ পূর্বক আত্মধিক্কার করিয়াছিলেন॥ শ্রীভগবৎপ্রীতিবিহীন হেতু বিবেকযোগ যুক্ত হিরণ্য-কশিপু দেবমানের শতবর্ষেও যোগবৈরাগ্যের লাভ করিতে পারিলেন না। শ্রীভগবৎপ্রীতিযুক্ত হেতু বিবেক যোগবিহীন পঞ্চবর্ষ বয়স্ক ধ্রুব মনুষ্যমানের ষন্মাসেও বিবেকযোগ সহিত সেই বৈরাগ্যের লাভ করিতে পারিলেন। ॥ ৬ ॥

শ্রীব্রহ্মার প্রসন্নতা লাভোদ্দেশে হিরণ্যকশিপুর যোগসাধন দেখিয়া স্বয়ং বরদাতা ব্রহ্মাও বিস্মিত হইয়াছিলেন। অতএব শ্রীপ্রীতিযোগের অভাবে বিবেক এবং অষ্টাঙ্গযোগ ব্যর্থ হইয়া থাকেন, বৈরাগ্যের উদয়ও হয় না। প্রীতিসদ্ভাবে বিবেক-যোগ এবং বৈরাগ্য স্বয়ং তদনুগমন করিয়া থাকেন। ॥ ৭ ॥

শ্রীভগবৎপ্রীতিবিহীনা মহাযোগীন্দ্রাঃ কেবল-যোগসাধন বলেন বিষয়ান্মনঃ আকৃষ্য শ্রীভগবৎ-পদে যোজয়িতুং চেষ্টিতা অপি বিফলমনোরথা ভবন্তি। পরন্তু শ্রীব্রজগোপ্যঃ শ্রীভগবৎপ্রীতি-পরায়ণাঃ শ্রীকৃষ্ণবিরহেঽতিদুঃখেন মনঃ শ্রীকৃষ্ণা-দাকৃষ্য বিষয়ে যোজয়িতুং ইচ্ছন্তোঽপি তদসমর্থা ভবন্তি। অনেন যোগবৈরাগ্যয়োঃ শ্রীভগবৎ-প্রীত্যনুগামিতা, প্রীত্যভাবে যোগস্য দুর্বলতা, বৈরাগ্যস্য দুষ্প্রাপ্যতা চানুমেয়া। শ্রীভগবৎ-প্রীতিবিহীনবিবেকযোগাদিনা কেবলমাসুর-ভাবস্য বৃদ্ধির্ভবতীতি কিং বক্তব্যম্। বিবেকযোগজাত-প্রবল প্রতাপান্বিতানাং প্রত্যেকদৈত্যদানবানাং ব্যবহারং প্রতি দৃক্‌পাতেন সর্বে সংশয়া দূরী-ভবিষ্যন্তি। ৮

শ্রীভগবৎপ্রীতাবেব বৈরাগ্যস্য পরাকাষ্ঠা ভবতি। সংসারদুঃখাভিভূতনাং জীবানাং সংসারপ্রদপ্রাকৃত-বিষয়স্নেহাৎ নিবৃত্তিরেব বৈরাগ্যম্। প্রাকৃত-বিষয়াতীতস্যকেবল ভক্তানুগ্রহায় স্বয়মবতীর্ণস্য ভগবতঃ শ্রীকৃষ্ণস্য শ্রীবিগ্রহস্য পরমসৌন্দর্যানুভবে দেহদৈহিক প্রাকৃত সর্ববিষয় বিস্মরণং ভবতি। যস্য বিষয়স্য বিস্মরণং ভবতি, তস্মিন্ পুনঃ স্নেহঃ স্থাতুং নার্হতি। স্বত এব তস্মাৎ স্নেহস্য নিবৃত্তি-র্ভবতি। অস্মিন্ মনুষ্যলোকে দৃশ্যতে—কস্মিংশ্চিৎ প্রাকৃত বিষয়েঽপি অত্যধিকস্নেহে জাতে তদিতর-সর্ববিষয়ে এব স্নেহত্যাগো ভবতি। যথা বিট্-পুরুষানুরাগিণীস্ত্রীণাং, তথা তাদৃশীস্ত্রীষু অনুরাগযুক্ত-পুরুষানাং ব্যবহারদর্শনে কোঽপি সংশয়ো ন স্থাস্যতি। পরন্তু তৎপ্রাকৃত বিষয়বিশেষে স্নেহ-বশাদাধিক্যেন সংসারদুঃখে নিমজ্জয়তি, কেবলং তদিতর বৈরাগ্য প্রদর্শনায়াত্র তল্লিখিতম্। ৯

শ্রীভগবৎপ্রীতিবিহীন মহাযোগীন্দ্রগণ কেবল যোগসাধন বলে বিষয় হইতে মনকে আকর্ষণ করিয়া শ্রীভগবৎপাদপদ্মে যুক্ত করিতে চেষ্টা করিয়াও বিফল মনোরথ হন। কিন্তু শ্রীব্রজ-গোপীগণ শ্রীভগবৎপ্রীতি পরায়ণহেতু শ্রীকৃষ্ণবিরহে অতিদুঃখে মনকে শ্রীকৃষ্ণ হইতে আকর্ষণ করিয়া বিষয়ে সংলগ্ন করিতে ইচ্ছা করেন, তাহাতে অসমর্থা হন। যোগের এবং বৈরাগ্যের শ্রীভগবৎ-প্রীতির অনুগামিতা, তদভাবে যোগের দুর্বলতা এবং বৈরাগ্যের দুষ্প্রাপ্যতা এতদ্দ্বারাই অনুমেয়। শ্রীভগবৎপ্রীতিবিহীন বিবেক-যোগাদিদ্বারা কেবল-মাত্র যে আসুরভাবের বৃদ্ধি হইয়া থাকে, তাহা আর বলিবারও প্রয়োজন নাই, প্রত্যেক বিবেক-যোগ-জাত প্রবলপ্রতাপান্বিত দৈত্যদানবের ব্যবহারের প্রতি দৃষ্টিপাত করিলে সকল সংশয় দূরীভূত হইবে। ৮

শ্রীভগবৎপ্রীতিতেই বৈরাগ্যের পরাকাষ্ঠা হইয়া থাকে। সংসার দুঃখাভিভূত জীবগণের সংসারপ্রদ প্রাকৃতবিষয়স্নেহ হইতে নিবৃত্তিকেই বৈরাগ্য বলা হয়। প্রাকৃত বিষয়াতীত কেবল ভক্তানুগ্রহার্থে স্বয়মবতীর্ণ ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রীবিগ্রহের পরম-সৌন্দর্যানুভবে দেহদৈহিক-প্রাকৃত সর্ববিষয়েরই বিস্মরণ হইয়া থাকে। যে বিষয়ের বিস্মরণ হয়, সে বিষয়ে আর স্নেহ থাকিতে পারে না, স্বতঃই তাহা হইতে স্নেহের নিবৃত্তি হইয়া থাকে। এই মনুষ্যলোকে দেখা যায়—কোন এক প্রাকৃত-বিষয়েও অতিশয় স্নেহ হইলে তদিতর সর্ববিষয়েই স্নেহত্যাগ হইয়া থাকে। বিট্‌পুরুষানুরাগিণী স্ত্রী সকলের এবং তাদৃশী স্ত্রীতে অনুরাগযুক্ত পুরুষ-সকলের ব্যবহারের প্রতি দৃষ্টিপাত করিলে কোন সংশয় থাকিবে না। কিন্তু তাহা প্রাকৃত বিষয় বিশেষে স্নেহ হেতু আধিক্যরূপে সংসারদুঃখে নিমগ্নকর হয়, কেবল তদিতর বৈরাগ্যের দৃষ্টান্তেই এস্থলে তাহা লিখিত হইল। ৯

অস্মিন্ শ্রীভগবদ্রূপে ত্রিগুণাতীতাপ্রাকৃত বস্তু-নিষ্ঠতাবশাৎ সংসারদুঃখস্যাত্যন্তিকনিবৃত্তি র্ভবতি। কংস শিশুপালপ্রভৃতয়ঃ ভয়দ্বেষাদিনা যস্মিন্ চিত্তমাবেশ্য সংসারদুঃখান্মুক্তা বভূবুঃ, তস্মিন্ প্রিয়-ভাবেন আবেশিতচিত্তানাং সংসারদুঃখনিবৃত্তৌ কঃ সংশয়ঃ। প্রাকৃত ব্যভিচারযুক্তাঃ স্ত্রীপুরুষাঃ স্বত এব বিষয়াসক্তত্বাৎ সংসারদুঃখ গ্রস্তা ভবন্তি। অতএব তেষাং পরস্পরাসক্তিরপি অচিরস্থায়ী, ঈদৃশাসক্ত্যা সংসারদুঃখস্য নিবৃত্তিঃ কথং ভবিতু-মর্হতি। ১০

শ্রীভগবান্ নিত্যপরমমুক্তঃ পরমাশ্রয়ঃ, সমগ্রৈশ্বর্য-বীর্যযশঃ শ্রীজ্ঞানবৈরাগ্যাদয়ো যস্মিন্ নিত্যং বিরাজতে, সঃ কেবলং ভক্তেচ্ছা-ভক্তানুগ্রহাবেশাচ্চ পরমাকর্ষণেন যথাকথঞ্চিৎচিত্তসমর্পকান্ স্বনিষ্ঠং কারয়িতুং স্বয়মবতীর্ণঃ, তন্নিষ্ঠানাং সংসার-দুঃখ নিবৃত্তয়ে ন কোঽপি সংশয়ঃ। ১১

যথা নদ্যাঃ অত্যুগ্রপ্রবাহে নিপতিতজনঃ, তত্র নিপতিতং কঞ্চিদাশ্রিত্য প্রবাহবেগাৎ ন স্বং রক্ষিতুং শক্নোতি; কিন্তু স যদি তীরস্থং কঞ্চিৎ-সুদৃঢ়বৃক্ষপ্ররোহমাশ্রয়তি, তর্হি অনায়াসেনৈব নদী-প্রবাহাৎ সমুত্থিতঃ সন্ তীরগতো ভবতি। তথা কশ্চিদ্ বিষয়াসক্তঃ সংসারদুঃখগ্রস্তজনঃ, অন্যস্মিন্ বিষয়াসক্তে সংসারিজনে পরমানুরাগে কৃতে, তেন বিষয়াবেশস্য সংসারদুঃখস্য বা নিবৃত্তির্ন স্যাৎ, পরন্তু যঃ পরমমুক্তানাং নিত্যপরমাশ্রয়ঃ, স যদি পরমানুকম্পয়া বিষয়াসক্ত সংসারিজীবানাং প্রত্যক্ষো ভবতি, তর্হি তস্মিন্ পরমানুরাগে, যথা কথঞ্চিচ্চিত্তসমর্পণে বা তে সংসারিজীবাঃ কথং

উক্ত শ্রীভগবদ্রূপ বিষয়ে ত্রিগুণাতীত অপ্রাকৃত বস্তুনিষ্ঠতা হেতু সংসারদুঃখের আত্যন্তিক নিবৃত্তি হইয়া থাকে। কংস, শিশুপাল প্রভৃতি ভয়দ্বেষাদি দ্বারা যে বস্তুতে চিত্ত সংলগ্ন করিয়া সংসার দুঃখ হইতে মুক্ত হইয়াছেন। সে বস্তুতে প্রিয়ভাবে চিত্ত সংলগ্ন করিলে তাহাদের সংসার দুঃখ নিবৃত্তি বিষয়ে সংশয় কি হইতে পারে? প্রাকৃত ব্যভিচারযুক্ত স্ত্রীপুরুষগণ স্বভাবতঃই বিষয়াসক্ত হেতু সংসার দুঃখ গ্রস্ত হন। অতএব তাহাদের পরস্পর আসক্তিও অস্থায়ী হয়, এরূপ আসক্তি দ্বারা সংসারদুঃখের নিবৃত্তি কি প্রকারে হইতে পারে। ১০

শ্রীভগবান নিত্যপরমমুক্ত পরমাশ্রয় এবং সর্বাশ্রয়, সমগ্র ঐশ্বর্য, সমগ্রবীর্য, সমগ্রযশঃ, সমগ্র-শোভাদি সম্পত্তি, সমগ্র জ্ঞান, সমগ্র বৈরাগ্য যাহাতে নিত্যবিরাজমান। কেবল ভক্তেচ্ছাও ভক্তানুগ্রহাবেশে পরমাকর্ষণ দ্বারা যে কোন প্রকারে চিত্ত সমার্পণকারিগণকে স্বনিষ্ঠ করাইবার উদ্দেশে স্বয়মবতীর্ণ হইয়াছেন, তন্নিষ্ঠ ব্যক্তিগণের সংসার দুঃখ নিবৃত্তি বিষয়ে কোন প্রকার সংশয় হইতে পারে না। ॥ ১১ ॥

যে প্রকার নদীর অত্যুগ্রপ্রবাহে নিপাতিত ব্যক্তি, সেই নদীপ্রবাহ-নিপতিত কোন বস্তুকে আশ্রয় করিলে সেই নদীপ্রবাহের বেগ হইতে রক্ষা পায় না। কিন্তু যদি সেই নদীপ্রবাহগত ব্যক্তি কোন তীরস্থ সুদৃঢ় বৃক্ষের প্ররোহকে আশ্রয় করে, তাহা হইলে অনায়াসেই নদীর প্রবাহ হইতে সমুত্থিত হইয়া তীর ভূমিস্থ হইয়া থাকে। সেই প্রকার কোন বিষয়াসক্ত সংসারদুঃখ গ্রস্ত ব্যক্তি অন্যকোন বিষয়াসক্ত সংসারী ব্যক্তিতে পরমানুরাগ করিলে তদ্দ্বারা বিষয়াসক্তিরও নিবৃত্তি হয় না, সংসারদুঃখেরও নিবৃত্তি হয় না। কিন্তু যে বস্তু পরমমুক্তগণের নিত্য পরমাশ্রয়, সেই বস্তু যদি পরমানুকম্পা দ্বারা সেই বিষয়াসক্ত সংসারিজীবগণের নেত্রাদি গোচর হন, তবে সেই বস্তুতে পরমানুরাগ অথবা যে কোন প্রকারে চিত্ত

মুক্তা ন ভবিষ্যন্তি? অবশ্যমেব মুক্তয়ে যোগ্যো ভবিষ্যন্তি। ১২

পরমমুক্তানাং পরমাশ্রয়স্য শ্রীভগবতঃ মাহাত্ম্য-বর্ণনেঽপি ন প্রয়োজনম্, যদি যঃ কশ্চিজ্জীবস্তত্ত্বজ্ঞঃ শ্রীভগবদ্ভক্তো বা ভবতি, দেহসম্বন্ধানুসারাল্লোক-ব্যবহারগতস্নেহানুসারাদ্বা যদি অন্যো কশ্চিজ্জন-স্তস্মিন্ তত্ত্বজ্ঞেভগবদ্‌ভক্তে বা পরমানুরাগং সংস্থাপয়তি, তর্হি সোঽপি সৎসঙ্গপ্রভাবাৎ মোক্ষ-গমনায় বদ্ধপরিকরো ভবতি। ১৩

আত্মারামশিরোমণিনাং পরমোপাস্যে ভক্তানাং পরমাশ্রয়ে শ্রীভগবতি পরমানুরাগসংস্থাপনে যৎ সংসারমুক্তির্ভবতি—অত্র যো জনঃ সন্দিগ্ধো ভবতি, সোঽবশ্যমেবাপূর্বপণ্ডিতমধ্যে গণনীয়ঃ। শ্রীভগবৎ-প্রীতিঃ শ্রীভগবদ্রূপে পরমানুরাগরূপাঽপি প্রাকৃত-রূপাদ্যনুরাগবৎ ন হেয়া। যতঃ শ্রীভগবন্মূর্ত্তিঃ সচ্চিদানন্দঘনবৈচিত্র্যাত্মিকা, অতএব তচ্ছ্রীমূর্তৌ পরমানুরাগোঽব্যক্ত-প্রকৃতিপুরুষবিবেকস্য জ্ঞান-বিজ্ঞান সন্ন্যাসস্যাসংপ্রজ্ঞাতসমাধেশ্চ ফলরূপো ভবতি। অস্মাদেব তত্ত্বংসিদ্ধাত্মারামমুখ্যমহামুনয়ঃ শ্রীভগবন্মূর্তৌ পরমানুরাগং সংস্থাপয়ন্তি। ১৪

সা শ্রীভগবৎপ্রীতির্যদা রসরূপা তদা নানা-সঞ্চারিভাবানাং আবির্ভাবতিরোভাবেঽপি তে পরমানন্দবারিধিস্থায়ীভাবরূপ প্রীতেস্তরঙ্গস্থানীয়ত্বাৎ পরমানন্দবৈচিত্রমাত্রা ভবন্তি। কিঞ্চ, তে ভাবাঃ শ্রীভগবৎসম্বন্ধিত্বাদ্ গুণাতীতা অপি প্রাকৃতজনানাং চিত্তমধ্যে ত্রিগুণময়সুখদুঃখাকারেণ প্রতীতিযোগ্যা ভবন্তি। অতএব সাংখ্য-জ্ঞান-বিজ্ঞান-বৈরাগ্যযোগাঃ সর্বেষাং পরমফলে-

---

সমর্পণ করিলে, সেই বিষয়াসক্ত সংসারি জীবগণ কেন মুক্ত না হইবেন? অবশ্য মুক্ত হইবার যোগ্য হইবেন। ১২

পরমমুক্তগণের পরমাশ্রয় শ্রীভগবানের মাহাত্ম্য বলিবারও প্রয়োজন নাই, যদি সাধারণ কোন জীব তত্ত্বজ্ঞ বা শ্রীভগবদ্ভক্ত হন দেহসম্বন্ধ নুসারে বা লোকব্যবহারগত স্নেহানুসারে যদি কোন ব্যক্তি, সেই তত্ত্বজ্ঞে বা ভগবদ্ ভক্তে পরমানুরাগ সংস্থাপন করেন, তবে সেই ব্যক্তিও সৎসঙ্গপ্রভাবে মোক্ষমার্গে গমন বিষয়ে বদ্ধপরিকর হইয়া থাকেন। ১৩

আত্মারাম শিরোমণিগণের পরমোপাস্যে, ভক্ত-গণের পরমাশ্রয়ে শ্রীভগবানে পরমানুরাগ সংস্থাপন করিলে যে সংসার হইতে মুক্তি হইবে, এ বিষয়ে যে ব্যক্তি সংশয় করিয়া থাকেন, তিনি অবশ্য অপূর্বপণ্ডিত মধ্যে গণ হন। শ্রীভগবৎপ্রীতি শ্রীভগবদ্রূপে পরমানুরাগরূপা হইলেও প্রাকৃত-রূপাদ্যনুরাগবৎ হেয় হন না। যেহেতু শ্রীভগবন্মূর্ত্তি সচ্চিদানন্দঘন বৈচিত্র্যাত্মিকা। অতএব সেই শ্রীমূর্তিতে পরমানুরাগ অব্যক্ত প্রকৃতি পুরুষ বিবেকের, জ্ঞানবিজ্ঞান-সন্ন্যাসের এবং অসংপ্রজ্ঞাত সমাধির ফলরূপ হইয়া থাকেন। এহেতু তত্ত্বংসিদ্ধ আত্মারামমুখ্য মহামুনিগণ শ্রীভগবন্মূর্তিতে পরমানু-রাগ সংস্থাপন করিয়া থাকেন। ১৪

সেই শ্রীভগবৎপ্রীতি যে কালে রসরূপা হন, সেইকালে নানাসঞ্চারি ভাবের আবির্ভাব তিরো-ভাব হইলেও সেইভাবসকল পরমানন্দবারিধি স্থায়ীভাবরূপ প্রীতির তরঙ্গ স্থানীয় হেতু পরমানন্দ বৈচিত্র্য মাত্র হইয়া থাকেন এবং সেই সকল ভাব শ্রীভগবৎসম্বন্ধি হেতু গুণাতীত হইলেও প্রাকৃত ব্যক্তিগণের চিত্তমধ্যে ত্রিগুণময় সুখদুঃখাকারে প্রতীত হইয়া থাকেন। অতএব সাংখ্য, জ্ঞান, বিজ্ঞান, বৈরাগ্য, যোগ—পরমফল পরমানন্দঘনবৈচিত্র্যরূপা শ্রীভগবৎপ্রীতিতে তত্তদ-ভাবাশঙ্কা অবশ্য অপূর্ব-পাণ্ডিত্যের প্রাকট্যমাত্র ইহাতে সংশয় নাই। তথাপি অপূর্ব পণ্ডিত-

স্বরূপায়াং পরমানন্দঘনবৈচিত্র্যরূপায়াং শ্রীভগবৎপ্রীতৌ তত্তদভাবাশঙ্কা অবশ্যমেবাপূর্বপাণ্ডিত্যস্য প্রাকট্যমাত্রমিত্যত্র সংশয়ো নাস্তি। তথাপ্যপূর্বপণ্ডিতানাং মনোরঞ্জনায় পুনরপি কিঞ্চিল্লিখ্যতে। ১৫

শ্রীভগবতো গুণাতীতসচ্চিদানন্দঃ-স্বরূপঃ-চিচ্ছক্তেঃ সর্বত্র সর্বদা সর্ববস্তুরূপেণ আবির্ভাবহেতোঃ কেবলং মাহাত্ম্যরূপেণৈবানুভবো ভবতি। স্বরূপভূতাচিচ্ছক্তেঃ সচ্চিদানন্দঘনবৈচিত্র্যরূপতয়া তদাবিষ্কৃতাপরিচ্ছিন্নবস্তুন্যপি সচ্চিদানন্দঘনবৈচিত্র্যরূপাণি ভবন্তি। ইত্থং চিচ্ছক্তিস্তদাবিষ্কৃতবস্তূনি চ প্রীতিনেত্রবিহীনানাং সর্বমূলজ্ঞানান্ধজীবানামগোচরতয়া বিশুদ্ধ জীবসমষ্টি সমাশ্রয় কেবল চিন্মাত্রস্বরূপমেবানুভূতো ভবতি। ভৌতিক জ্ঞানান্ধজীবৈস্তদ্বিশুদ্ধজীবসমষ্টিরেব সর্বমূলরূপেণানুভূতো ভবতি। অতএব শ্রীবৈকুণ্ঠধাম প্রীতিনেত্রবিহীনানামাসুর ভৌতিকজ্ঞানান্ধজীবানাং গোচরং ন ভবতি। তৎ শ্রীবৈকুণ্ঠধাম শ্রীভগবতো ভক্তবাৎসল্যগুণেন প্রকটিতত্বাৎ কেবলং দৈবজ্ঞানাঞ্জনরঞ্জিত শ্রীভগবৎপ্রীতিনেত্র বিশিষ্ট শ্রীভগবদ্ভক্তানামেব গোচরো ভবতি। ১৬

শ্রীভগবান্ বিষয়াসক্তজীবান্ প্রতি কৃপয়া পরমাত্মরূপেণ মায়াশক্ত্যা পরিচ্ছিন্নানন্তকোটি ব্রহ্মাণ্ডানাং সৃষ্ট্যাদি কারয়তি। সা মায়া প্রকৃত্যাদি পৃথিব্যান্তপঞ্চবিংশতি-ভেদ ভিন্না ভবতি। তেন পঞ্চবিংশতিতত্ত্বৈনানন্তব্রহ্মাণ্ডানি তন্মধ্যগতজীবশরীরাণি চ রচিতানি ভবতি। তেষু ব্রহ্মাণ্ডেষু তদগতবস্তুষু চ পরমাত্মা সাক্ষিপ্রেরকরূপেণানাসক্তঃ সন্ প্রবিশতি। ১৭

সঃ পরমাত্মা অগ্রে প্রকৃতি-প্রেরক সাক্ষিতয়া

গণের মনোরঞ্জনের উদ্দেশে আরও কিঞ্চিৎ লিখিত হইতেছে। ১৫

শ্রীভগবানের গুণাতীত সচ্চিদানন্দস্বরূপ চিৎশক্তির সর্বদেশে ও কালে সর্ববস্তুরূপে আবির্ভাবহেতু কেবলমাত্র মাহাত্ম্যরূপেই অনুভব হয়। স্বরূপভূতা চিৎশক্তির সচ্চিদানন্দঘন বৈচিত্র্যরূপতা হেতু তদাবিষ্কৃতা পরিচ্ছিন্ন বস্তু সকলও সচ্চিদানন্দঘন বৈচিত্র্যরূপ হন। এই চিৎশক্তি এবং তদাবিষ্কৃত বস্তু সকল প্রীতিনেত্র বিহীন সর্বমূল জ্ঞানান্ধ জীবগণের অগোচর হেতু বিশুদ্ধ জীবসমষ্টি সমাশ্রয় কেবল চিন্মাত্র স্বরূপই অনুভূত হন। ভৌতিক জ্ঞানান্ধ জীবগণ কর্তৃক সেই বিশুদ্ধ জীব সমষ্টিই সর্বমূলরূপে অনুভূত হইয়া থাকেন। অতএব শ্রীভগবদ্বৈকুণ্ঠধাম শ্রীভগবৎপ্রীতিনেত্র বিহীন আসুর ভৌতিক জ্ঞানান্ধ জীবগণের গোচর হন না। সেই শ্রীভগবদ্ বৈকুণ্ঠধাম শ্রীভগবানের ভক্তবাৎসল্যগুণে প্রকটিত হেতু কেবলমাত্র দৈবজ্ঞানাঞ্জন রঞ্জিত শ্রীভগবৎপ্রীতিনেত্র বিশিষ্ট শ্রীভগবদ্ভক্তগণেরই গোচর হইয়া থাকেন। ১৬

শ্রীভগবান বিষয়াসক্ত জীবগণের প্রতি কৃপাগুণে পরমাত্মরূপে মায়াশক্তি দ্বারা পরিচ্ছিন্ন অনন্তকোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি পালন সংহার করিয়া থাকেন। সেই মায়াশক্তি প্রকৃত্যাদি পৃথিব্যন্ত পঞ্চবিংশতি তত্ত্বাকারে ভেদভিন্না হন। সেই পঞ্চবিংশতি তত্ত্বদ্বারা অনন্তব্রহ্মাণ্ড ও তন্মধ্যগত জীবদেহ সকল রচিত হইয়া থাকেন। সেই সকল ব্রহ্মাণ্ডে এবং তদগত বস্তুসকলে পরমাত্মারূপ শ্রীভগবান সাক্ষিরূপে এবং প্রেরকরূপে অনাসক্ত ভাবে প্রবিষ্ট হইয়া থাকেন। ১৭

সেই পরমাত্মা অগ্রে প্রকৃতির প্রেরক এবং সাক্ষী হেতু প্রথম মহাপুরুষ নামে, পরে বিরাড়ন্তর্যামী হইয়া দ্বিতীয় মহাপুরুষনামে, তদনন্তর জীবান্তর্যামী হইয়া তৃতীয় মহাপুরুষ নামে খ্যাত

প্রথম-মহাপুরুষনাম্না, পশ্চাদ্‌বিরাড়ন্তর্যামিতয়া দ্বিতীয় মহাপুরুষনাম্না, ততো জীবান্তর্যামিতয়া তৃতীয়মহাপুরুষনাম্না খ্যায়তে। এবং শ্রীভগবান্ স্বরূপেণ গুণেন চাতিবৃহত্ত্বাৎ পরব্রহ্মনাম্না বিশ্রুতো ভবতি। ১৮

দেহমাত্রগতজীবাত্মানঃ পুরুষনাম্না খ্যায়ন্তে, অন্তঃকরণাদীনাং সাক্ষি-প্রেরকা অপি তে বিষয়াসক্তি দোষাৎ তত্তদভিমানিনো ভবন্তি। তদ্‌বিষয়াসক্তির্দেহপ্রাণেন্দ্রিয়ান্তঃ করণাভিমানশ্চৈব সংসারপরিভ্রমণে হেতুর্ভবতি। তৎ সংসারমূলবীজরূপায়া বিষয়াসক্তেস্তজ্জাতদেহাদ্যভিমানস্য চ নির্হরণায় সাংখ্যযোগিনঃ পঞ্চকোষদেহত্রয়াকারে পরিণতং প্রকৃত্যাদিপঞ্চবিংশতি তত্ত্বং বিলোমেন পৃথিবীতঃ মূলপ্রকৃতিং যাবদনাত্মদৃষ্ট্যা একৈকং তত্ত্বং পরিত্যজ্য তস্মাদ্‌ভিন্নং তত্তৎসাক্ষিরূপং জীবাত্মানমনুভবন্তি। এবং পঞ্চবিংশতিতত্ত্বাত্মক বিশ্বাদ্‌ভিন্নং তৎসাক্ষিরূপঞ্চ মহাপুরুষমপি অনুভবন্তি। জীবরূপঃ পুরুষো দেহমাত্রস্য সাক্ষী মহাপুরুষো বিশ্বসাক্ষী এবং সাক্ষিত্বাংশেহংশাংশিভাবেন মহাপুরুষেণ সহ জীবপুরুষস্য সাদৃশ্যে-ঐক্যমপ্যনুভবন্তি। ১৯

পরিশ্রমবহুলেন বৈরাগ্যেণ যমনিয়মাদ্যষ্টাঙ্গযোগেন চ তৈলধারাবদনবচ্ছিন্নতাদৃগনুভবেন বিষয়াবেশস্য দেহাদ্যভিমানস্য চ পরিহারং কুর্বন্তি। যতো বিষয়ানাং গ্রাহকত্বেন দেহপ্রাণেন্দ্রিয়ান্তঃকরণান্ পশ্যন্তি, যথা দেহাদিভ্য আত্মানং সাক্ষীরূপঞ্চ পশ্যন্তি। অনেন সাংখ্যযোগপ্রভাবেন সিদ্ধা দেহাদিভির্বিষয়ান্ গৃহ্ণন্তোঽপি তেষাং চিত্তং স্থিরং প্রশান্তং সমমবিকৃতঞ্চ বিদ্যতে। ২০

এতান্ সাংখ্যযোগিনো'মহাপৌরুষিকা' উচ্যন্তে।

হন। উক্ত প্রকারে শ্রীভগবান স্বরূপদ্বারা এবং গুণদ্বারা অতি বৃহৎ হেতু 'পরব্রহ্ম' নামে বিশ্রুত হইয়া থাকেন। ১৮

দেহমাত্রত জীবাত্মা 'পুরুষ' নামে খ্যাত হন, অন্তঃকরণাদির সাক্ষী এবং প্রেরক হইলেও বিষয়াসক্তি দোষে তত্তদভিমানী হইয়া থাকেন। সেই বিষয়াসক্তি এবং দেহপ্রাণ-ইন্দ্রিয়ান্তঃকরণাভিমানই সংসার পরিভ্রমণে হেতু হইয়া থাকে।

সেই সংসার মূলবীজ বিষয়াসক্তির এবং দেহাদ্যভিমানের নিরসনাভিপ্রায়ে সাংখ্যযোগীসকল পঞ্চকোষ দেহত্রয়াকারে পরিণত প্রকৃত্যাদি পঞ্চবিংশতি তত্ত্বকে বিলোমক্রমে পৃথিবী হইতে মূলপ্রকৃতি পর্যন্ত অনাত্মদৃষ্টি দ্বারা এক এক তত্ত্বকে পরিত্যাগ করিয়া সেই সকল তত্ত্ব হইতে ভিন্ন এবং তত্তৎ সাক্ষিরূপে জীবাত্মার অনুভব করেন। উক্ত প্রকারে পঞ্চবিংশতি তত্ত্বময় বিশ্ব হইতে ভিন্নরূপে মহাপুরুষেরও অনুভব করেন। জীবরূপ পুরুষ দেহমাত্র সাক্ষী, মহাপুরুষ বিশ্বসাক্ষী, এই প্রকার সাক্ষিত্বাংশে অংশাংশিভাবে মহাপুরুষের সহিত জীবপুরুষের সাদৃশ্যে ঐক্যও অনুভব করিয়া থাকেন। ১৯

বহু পরিশ্রমে বৈরাগ্যের এবং যম নিয়মাদি অষ্টাঙ্গযোগের সাহায্যে তৈলধারাবৎ অনবচ্ছিন্ন পূর্বোক্ত প্রকার অনুভব দ্বারা বিষয়াসক্তির এবং দেহাদ্যভিমানের পরিত্যাগ করিয়া থাকেন। যেহেতু বিষয়সকলের গ্রাহকরূপে দেহপ্রাণেন্দ্রিয়ান্তঃকরণকে দেখিয়া থাকেন এবং দেহপ্রাণেন্দ্রিয়ান্তঃকরণ হইতে আপনাকে ভিন্নরূপে ও সাক্ষীরূপে দেখিয়া থাকেন। এই সাংখ্যযোগ প্রভাবে সিদ্ধ ব্যক্তিগণ দেহপ্রাণেন্দ্রিয়ান্তঃকরণ দ্বারা বিষয় সকলের গ্রহণ করিলেও তাহাদের চিত্ত স্থির প্রশান্ত সম এবং অবিকৃত ভাবে বিদ্যমান থাকে। ২০

এই সকল সাংখ্যযোগীকে 'মহাপৌরুষিক' বলা হয়। উপনিষদ্ বিশেষে ব্রহ্মের চিন্মাত্রসত্তা-

উপনিষদ্‌বিশেষে ব্রহ্মণশ্চিন্মাত্রসত্ত্বারূপত্বং স্বীকৃতত্বাৎ 'মুখ্যব্রাহ্মণা' অপ্যুচ্যন্তে, বিষয়তৃষ্ণা-বর্জিতত্বাৎ জীবন্মুক্তাঃ সারাসারবিবেকীত্বাৎ পরম-হংসাঃ, পরমেশ্বরস্য সাক্ষিত্বরূপমাহাত্ম্যদর্শিত্বাৎ 'পরমেশ্বরভক্তা' ইত্যপি স্বীক্রিয়ন্তে। বিষয়তৃষ্ণা-ত্যাগদর্শনাদেষামানন্দনিষ্ঠত্বং স্বীকার্যম্। প্রকৃতি-কার্যরূপেণ বিশ্বদর্শনপূর্বকং তৎসাক্ষিত্বেন মহা-পুরুষদর্শনং ব্যক্ত প্রকৃতিপুরুষদর্শনম্। প্রলয়াদি দৃষ্ট্যা বিশ্বকারণমূলপ্রকৃতিমাত্রদর্শনান্তে তৎসাক্ষি-ত্বেন মহাপুরুষদর্শনং 'অব্যক্তপ্রকৃতিপুরুষবিবেকঃ' এবং সাংখ্যযোগো দ্বিবিধঃ। ২১

এতে সাংখ্যযোগসিদ্ধাঃ তন্মহাপুরুষস্য মায়াশক্তি প্রেরকত্বমনুভূয় তন্মায়াশক্ত্যা তৎ-প্রেরকপরমেশ্বরস্য বিশ্বসৃষ্ট্যাদিলীলায়া অনুভবকৃতে 'জ্ঞানযোগী' নাম্না খ্যায়তে। প্রলয়কালাদিদৃষ্ট্যা মায়াশক্ত্যা-শ্রয়কেবল পরমেশ্বরস্বরূপানুভবং 'জ্ঞানসংন্যাস' ইতি বদন্তি। অতএব পূর্বোক্তমাহাত্ম্যবৃন্দং বিশেষেণ এষু যোগীষ্বপি বর্তন্তে। ২২

এতে জ্ঞানযোগিনো 'মায়াকার্যত্ত্বাৎ বিশ্বং মায়াতো ন ভিন্নং, শক্তিত্ত্বান্মায়া জীবশ্চ পরমেশ্বর-স্বরূপান্ন ভিন্নম্'—এবং পরব্রহ্মাখ্য পরমেশ্বরস্য সর্বাত্মকতানুভবেন সৃষ্ট্যাদিদৃষ্টিকালে বিশ্বস্য পরব্রহ্ম স্বরূপাত্মকতানুভবেকৃতে বিজ্ঞানযোগীতি খ্যায়তে। প্রলয়াদিদৃষ্ট্যা এষাং পরব্রহ্মস্বরূপমাত্রানুভবং বিজ্ঞানসংন্যাসেতি বদন্তি। পূর্বোক্তমাহাত্ম্যবৃন্দং পূর্বতোঽপি বিশেষরূপেণ এষু যোগীষু প্রবর্তন্তে।২৩

পূর্বোক্ত জ্ঞানযোগিনঃ প্রকৃত্যন্তর্যামিনঃ বিগ্রহ-রূপেঽনন্ত ব্রহ্মাণ্ডে, বিরাড়ন্তর্যামিনঃ বিগ্রহরূপে ব্রহ্মাণ্ডমাত্রে চতুর্দশভুবনাত্মকবিরাড়্‌দেহে বা, ব্যষ্টিজীবান্তর্যামিনঃ বিগ্রহরূপে ব্যষ্টিশরীরে তদন্ত-

---

রূপত্ত্ব স্বীকার হেতু 'মুখ্য ব্রাহ্মণ'ও বলা হয়। বিষয়তৃষ্ণাত্যাগী হেতু 'জীবন্মুক্ত' বলা হয়, সারা-সার বিবেকীহেতু 'পরমহংস' বলা হয়, পরমেশ্বরের সাক্ষিত্বরূপ মাহাত্ম্যদর্শীহেতু 'পরমেশ্বর-ভক্ত' রূপেও স্বীকার করা হয়। বিষয়তৃষ্ণা ত্যাগদর্শনে ইহাদের আনন্দনিষ্ঠত্ত্বও স্বীকার করা হয়। প্রকৃতির কার্যরূপে বিশ্বদর্শন পূর্বক তৎসাক্ষী মহা-পুরুষদর্শনকে 'ব্যক্ত প্রকৃতিপুরুষ' দর্শন বলা হয়। প্রলয়াদি দৃষ্টিতে বিশ্বকারণ মূলপ্রকৃতিমাত্র দর্শনান্তে তৎসাক্ষি মহাপুরুষদর্শনকে 'অব্যক্ত প্রকৃতিপুরুষ-বিবেক' বলা হয়, এইহেতু এই সাংখ্য যোগ দ্বিবিধ হন। ২১

এই সাংখ্যযোগসিদ্ধগণ সেই মহাপুরুষের মায়াশক্তিপ্রেরকত্ত্ব গুণের অনুভবপূর্বক সেই মায়াশক্তি দ্বারা তৎ প্রেরক পরমেশ্বরের বিশ্বসৃষ্টি-পালন সংহার প্রকার লীলার অনুভব করিলে 'জ্ঞানযোগী' নামে খ্যাত হন। প্রলয়কালাদি দৃষ্টিতে মায়াশক্ত্যাশ্রয় কেবল পরমেশ্বর স্বরূপের অনুভবকে 'জ্ঞান সংন্যাস' বলা হয়, অতএব পূর্বোক্ত মাহাত্ম্যসকল বিশেষরূপে এই সকল যোগীতেও বর্তমান হয়। ২২

